প্রস্তুতিমূলক সংখ্যা

TARBIAH 1441 | 2020 | **ISSUE** 1

তারবিয়াহ

TARBIAH

সূচিপত্র



সম্পাদকীয়

আউজুবিল্লাহি মিনাশ শায়তানির রাজিম
বিসমিল্লাহির রাহমানির রাহিম।
সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। সালাম ও দরুদ আমাদের নবী, দুই জাহানের সরদার মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তার পরিবার, সাহাবীগণ এবং কিয়ামত পর্যন্ত যারা হকের অনুসারী থাকবেন তাদের উপর। আল-ফিরদাউস মিডিয়া ফাউন্ডেশন এর পক্ষ থেকে 'তারবিয়াহ' নামক ম্যাগাজিনের প্রথম সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। আলহামদুলিল্লাহ, সুম্মা আলহামদুলিল্লাহ। নিশ্চয় সাফল্য একমাত্র আল্লাহ তায়ালার পক্ষ থেকে। আল্লাহ তায়ালা আমাদেরকে আমাদের নিজেদের নিয়ত শুদ্ধ রেখে দ্বীনের জন্য কাজ করে যাওয়ার তাওফিক দান করুন। আমীন।

হে মুসলিম ভাই-বোন,
সারা পৃথিবীতে মুসলিমদের বর্তমান অবস্থা আপনাদের অজানা নয়। আরাকান থেকে জেরুজালেম, বিলাদুস শাম, ইরাক, আফগান, মালি কোথাও মুসলিমরা আজ ভাল নেই। মুরতাদ-কাফেররা নিত্য নতুন কারণ দেখিয়ে এই উম্মাহর উপর জুলুম ও লাঞ্ছনা চাপিয়ে দিচ্ছে। উম্মাহর এই করুন অবস্থায় আপনাদের ন্যায় আমাদের অন্তরও রক্তাক্ত ও ব্যথিত।

হে প্রিয় ভাই-বোন,
উম্মাহর এই অবস্থা কিন্তু একদিনেই হয়নি। আমরা ইতিহাসে দেখি ১৯২৪ সালে খিলাফত ব্যবস্থার পতন হয়েছিল। কিন্তু ব্যাপারটা কি এমন যে, ১৯২৩ পর্যন্ত আমাদের ঈমান আমল খুব শক্ত অবস্থায় ছিল, এরপর ১৯২৪ এ ইমান-আমলের অবস্থা খারাপ হবার কারণে হঠাৎ করে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা এই অপমান আমাদের উপর চাপিয়ে দিয়েছেন? না ভাই। বাস্তবতা হল উম্মাহর এই ক্ষয় দীর্ঘদিন ধরেই চলে আসছিলো। আমাদের দীর্ঘদিনের গুনাহের ফলাফলই শেষে ১৯২৪ সালে প্রকাশিত হয়েছিল। কি এমন গুনাহ ছিল সেটা যার জন্য আল্লাহ আমাদের উপর কাফেরদের চাপিয়ে দিয়ে অপদস্থ করলেন?

মুসলিম উম্মাহর ভুল ছিল, উম্মাহ আমভাবে কাফেরদের প্রতিরোধ করা, এর জন্য চিন্তাভাবনা করা ছেড়ে দিয়েছিল। অন্যদিকে কাফেররা তাদের চেষ্টা অব্যাহত রেখেছিল। যার ফলাফল ১৯২৪ এ আমরা দেখতে পেয়েছি। আফগানে তালিবান ভাইরা বিজয়ের দ্বারপ্রান্তে। ব্যাপারটা কি এমন যে হঠাৎ করে ২০২০ এ এসে আমেরিকানদের মনে হয়েছে যে, "আমরা আর যুদ্ধ করবো না। আমরা বাড়ি ফিরে যাবো"?

বাস্তবতা হল আমেরিকানরা চলে যেতে বাধ্য হচ্ছে। এখন এই বিজয় কি এমনিতেই চলে এসেছে?
না। এর পিছনে রয়েছে বিগত ১৮ বছর ধরে উম্মাহের একটা অংশের ত্যাগ, সবর, বীরত্ব, হক্ব কে বুঝে এর উপর ইস্তিকামাত থাকার বিস্ময়কর ইতিহাস। আছে লাখো মানুষের নিজেদের জীবন আল্লাহর দ্বীনের জন্য বিলিয়ে দেওয়ার শ্বাসরুদ্ধকর ইতিহাস। তাহলে ইতিহাস আমাদের শিক্ষা দিচ্ছে যে, উম্মাহের অবস্থা যেমন একদিনে খারাপ হয় নি, তেমনি উম্মাহ আল্লাহর নুসরতও একদিনেই পাবে না। আল্লাহর দ্বীনের জন্য আল্লাহর সাহায্য পেতে হলে উম্মাহকে একটি কষ্টকর পরিস্থিতির মধ্য দিয়ে যেতে হবে। এর মাধ্যমে আল্লাহ তার বান্দাদের ওয়াদা পরীক্ষা করে নিবেন।

এই কষ্টকর পরিস্থিতে দ্বীনের উপর ইস্তিকামাত থাকার উপায় কি? ইতিহাস থেকে আমরা জানতে পারি, এই কষ্টকর পরিস্থিতি বা পরীক্ষার সময় দ্বীনের বুঝ যার যত শক্ত তিনি তত দৃঢ় থাকতে পারেন। এই বুঝ পাওয়ার উপায় কি? হক্বপন্থি উলামায়ে কেরামের অনুসন্ধান, তাদের থেকে নসিহত গ্রহণ ও সে অনুযায়ী আমল দ্বারা এই বুঝ অর্জন করা সম্ভব। সর্বোপরি আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার নিকট খুব করে দুয়া করা। আল্লাহই একমাত্র তাওফিকদাতা।

বাংলা ভাষাভাষী মুসলিম উম্মাহর জন্য আমরা এমন কিছু হক্বপন্থি উলামায়ে কেরামের মূল্যবান কিছু লেখা আমাদের এই ম্যাগাজিনের মাধ্যমে পৌঁছে দেয়ার চেষ্টা করেছি। এখানে যা কিছু ভাল তা আল্লাহর পক্ষ থেকে।

আল্লাহ তায়ালা বলেন

لَهُ مُعَقِّبَاتٌ مِّن بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ يَحْفَظُونَهُ مِنْ أَمْرِ اللَّهِ ۗ إِنَّ اللَّهَ لَا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتَّىٰ يُغَيِّرُوا مَا بِأَنفُسِهِمْ ۗ وَإِذَا أَرَادَ اللَّهُ بِقَوْمٍ سُوءًا فَلَا مَرَدَّ لَهُ ۚ وَمَا لَهُم مِّن دُونِهِ مِن وَالٍ

তাঁর পক্ষ থেকে অনুসরণকারী রয়েছে তাদের অগ্রে এবং পশ্চাতে, আল্লাহর নির্দেশে তারা ওদের হেফাযত করে। আল্লাহ কোন জাতির অবস্থা পরিবর্তন করেন না, যে পর্যন্ত না তারা তাদের নিজেদের অবস্থা পরিবর্তন করে। আল্লাহ যখন কোন জাতির উপর বিপদ চান, তখন তা রদ হওয়ার নয় এবং তিনি ব্যতীত তাদের কোন সাহায্যকারী নেই। (সূরা আর-রাদ ১১)

আল্লাহ মুসলিম উম্মাহকে নিজেদের অবস্থা পরিবর্তনের মাধ্যমে আল্লাহর প্রতিশ্রুত সাহায্য পাওয়ার উপযোগী হওয়ার তাওফিক দান করুন। আল্লাহ আমাদের জন্য দ্বীন কে বুঝা ও দ্বীনের উপর দৃঢ় থাকা সহজ করুন। উপকারী ইলম অর্জন ও সে অনুযায়ী আমল করার তাওফিক দান করুন।

আল্লাহ আমদের ভাইদের কে হেফাযত করুন। আমাদের মুরুব্বী, উলামায়ে কেরাম ও তানজিমকে কবুল করে নিন। আল্লাহ ভাইদের কুরবানি গুলো কবুল করুন।

আমীন ইয়া রাব্বাল আলামিন।

AL-FIRDAWS
আল-ফিরদাউস



গুরুত্বপূর্ণ কয়েকটি দোয়া ও তার ফযিলত

মাওলানা সালেহ মাহমুদ হাফিজাহুল্লাহ

মাওলানা সালেহ মাহমুদ হাফিজাহুল্লাহঃ আলহামদুলিল্লাহি রাব্বিল আলামীন, ওয়াস সালাতু ওয়াস সালামু আলা সাইয়িদিল আম্বিয়া-ই ওয়াল-মু-রসালীন, ওয়া আলা আলিহী, ওয়া আসহাবিহী আজমাঈন। আম্মা বা'দ আমরা সকলেই প্রথমে দুরূদ শরীফ পড়ে নিই।

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ، وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا صَلَّيتَ عَلَى إِبْرَاهِيمَ، وَعَلَى آلِ إِبْرَاهِيمَ، إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ، إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

আলহামদুলিল্লাহ এক সপ্তাহ পর আবার আমরা আরেকটি তাযকিয়া মজলিসে হাজির হতে পেরেছি, এ জন্য আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার শুকরিয়া আদায় করি আলহামদুলিল্লাহ।

একটি দোয়া

গত মজলিসে বলেছিলাম, হাদীসে যেসব দোয়া এসেছে ওগুলো দুই ধরণের। কিছু দোয়া এমন যেগুলো নির্ধারিত কোন সময়ের সাথে বাঁধা নয়। যে কোনো সময়ই পড়া যায়। আর কিছু দোয়া আছে এমন যেগুলো পড়ার জন্য সময় নির্ধারণ করে দেয়া আছে। যেমন, ফরয নামাজের পরবর্তী দোয়া, সকাল-সন্ধ্যার দোয়া, ঘুম থেকে জাগ্রত হবার দোয়া, ঘুমানোর দোয়া, সফরের দোয়া ইত্যাদি।

গত মজলিসে আমরা প্রথম প্রকারের একটি দোয়া নিয়ে বিস্তারিত আলোচনা করেছিলাম। আজকে আমরা দ্বিতীয় প্রকারের কয়েকটি দোয়া নিয়ে আলোচনা করব ইনশাআল্লাহ।

প্রথমেই আমি এ সংক্রান্ত একটি হাদীস পেশ করছি, যে হাদীসে এমন একটি দোয়ার কথা উল্লেখ রয়েছে। হাদীসটি হল, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَا مِنْ عَبْدٍ مُسْلِمٍ يَقُولُ حِينَ يُصْبِحُ وَحِينَ يُمْسِي ثَلَاثَ مَرَّاتٍ: رَضِيتُ بِاللَّهِ رَبًّا، وَبِالْإِسْلَامِ دِينًا، وَبِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيًّا، إِلَّا كَانَ حَقًّا عَلَى اللَّهِ أَنْ يُرْضِيَهُ يَوْمَ الْقِيَامَةِ

কোন মুসলমান সকাল-সন্ধ্যায় তিন তিনবার নিম্নোক্ত দোয়াটি পড়লে কিয়ামতের দিন আল্লাহ তাআলা তাকে অবশ্যই সন্তুষ্ট করে দেবেন। দোয়াটি হল,

رَضِيتُ بِاللَّهِ رَبًّا، وَبِالْإِسْلَامِ دِينًا، وَبِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيًّا

আমি আল্লাহকে রব, ইসলামকে দ্বীন এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নবী হিসেবে পেয়ে সন্তুষ্ট। (মুসনাদে আহমাদ : ১৮৬৭১)

দোয়াটিতে মোট তিনটি অংশ রয়েছে। চলুন, প্রতিটি অংশ নিয়েই সামান্য কিছু আলোচনা করি ইনশাআল্লাহ, যেন দোয়াটির মর্ম আমাদের আত্মস্থ হয়ে যায়।

দোয়ার প্রথম অংশ

দোয়ার প্রথম অংশ হল, رَضِيتُ بِاللَّهِ رَبًّا আমি আল্লাহকে রব হিসেবে পেয়ে সন্তুষ্ট। এর অর্থ হল, আলহামদুলিল্লাহ আমি সন্তুষ্ট এই জন্য যে, আমার রব হলেন আল্লাহ। আমি আমার রবকে চিনতে পেরেছি। তাঁর ওপর ঈমান আনতে পেরেছি। তিনি আমাকে তাঁর পরিচয় জানিয়েছেন। তাঁর রুবুবিয়্যাতের ওপর ঈমান আনার তাওফিক দিয়েছেন। তাঁর রুবুবিয়্যাতের হক কী, তা আমাকে জানিয়েছেন। আমি কীভাবে তাঁর শোকর আদায় করব সে পদ্ধতি আমাকে শিখিয়ে দিয়েছেন। আলহামদুলিল্লাহ সুম্মা আলহামদুলিল্লাহ।

দোয়ার দ্বিতীয় অংশ

দোয়ার দ্বিতীয় অংশ হল, وَبِالْإِسْلَامِ دِينًا আমি ইসলামকে দ্বীন হিসেবে পেয়ে সন্তুষ্ট। আলহামদুলিল্লাহ আমি সন্তুষ্ট এই জন্য যে, ইসলাম আমার দ্বীন। ইসলাম আমার ঈমান ও আকিদা। ইসলাম আমার শরিয়ত ও জীবনব্যবস্থা। আমার রব আমাকে ইসলামের হেদায়েত দিয়েছেন। ইসলাম যে পূর্ণাঙ্গ দ্বীন ও পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা তা আমাকে বুঝার তাওফিক দান করেছেন। আমি মৃত্যু পর্যন্ত ইসলামের উপর অটল অবিচল থাকবো। ইসলামের উপরই বাঁচবো। ইসলামের উপরই মরবো। আমার ছোট বড় সকল আমল, আমার জীবন, আমার মরণ সব কিছুই আল্লাহর জন্য, আল্লাহর দ্বীনের জন্য, ইসলামের জন্য। কুরআনে কারীমের ভাষায়,

إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَه وَبِذلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ

আমার নামায, আমার ইবাদত, আমার জীবন, আমার মরণ সবই একমাত্র আল্লাহর জন্য, যিনি জগতসমূহের প্রতিপালক। তাঁর কোনও শরিক নেই। আমাকে এই নির্দেশই দেওয়া হয়েছে এবং আমি মুসলিমদের তথা আল্লাহর সামনে আত্মসমর্পণকারীদের একজন। (সূরা আন'আম : ১৬২)

দোয়ার তৃতীয় অংশ

দোয়ার তৃতীয় এবং শেষ অংশ হল, وَبِمُحَمَّدٍ نَبِيًا আমি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নবী হিসেবে পেয়ে সন্তুষ্ট। আলহামদুলিল্লাহ আমি সন্তুষ্ট এই জন্য যে, আমার নবী হলেন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। আল্লাহ তাআলা আমাকে তাঁর উম্মতের অন্তর্ভুক্ত করেছেন। আমাকে তাঁর উপর ঈমান আনার তাওফিক দিয়েছেন। তাঁর উপর নাযিলকৃত শরিয়তের শিক্ষা অনুযায়ী জীবন পরিচালিত করার তাওফিক দিয়েছেন। তাঁর ছোট বড় প্রতিটি সুন্নাহ ও আদর্শ আমার সামনে সুস্পষ্ট করে দিয়েছেন। তাঁর শরিয়তের ছোট বড় প্রতিটি বিধান, ঈমান ও আকিদা থেকে নিয়ে নফল ও মুস্তাহাব পর্যন্ত সব কিছু সম্পূর্ণ অবিকৃত অবস্থায় সংরক্ষণের ব্যবস্থা করেছেন এবং কেয়ামত পর্যন্ত সংরক্ষণ করার প্রতিশ্রুতিও দিয়েছেন।

পবিত্র কোরআনে ইরশাদ করেছেন,

إِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ

এ উপদেশগ্রন্থ আমিই নাজিল করেছি এবং আমিই এর রক্ষণাবেক্ষণকারী। সুরা হিজর : ৯

দোয়াটি করার সময় দোয়ার এই মর্মগুলো আমরা অন্তরে হাজির রাখার চেষ্টা করব ইনশাআল্লাহ। এ দোয়াটির মতো হাদীসে এমন আরও অনেক দোয়া ও আযকার এসেছে যা নির্দিষ্ট সময়ের সাথে বাঁধা। ওই সব দোয়া ও আযকারের মধ্য থেকে সকাল ও সন্ধ্যায় পড়তে হয় এমন বিশেষ কয়েকটি দোয়া ফযিলতসহ পেশ করছি। এ দোয়াগুলো আমাদের জন্য খুবই উপকারী। দোয়াগুলো আমরা অবশ্যই পড়ব এবং পড়ার সময় ওগুলোর ফযিলতটাও অন্তরে হাজির রাখার চেষ্টা করব। তাহলে এ দোয়াগুলো আমাদের অন্তরে আলাদা একটা প্রভাব ফেলবে ইনশাআল্লাহ

আয়াতুল কুরসী

اللهُ لَا إِلٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ لَا تَأْخُذُهُ سِنَةٌ وَّلَا نَوْمٌ لَه مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهُ إِلَّا بِإِذْنِه يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِه إِلَّا بِمَا شَاءَ وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْأَرْضَ وَلَا يَئُوْدُه حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ

আল্লাহ তিনি যিনি ছাড়া কোনও ইলাহ নেই। তিনি চিরঞ্জীব, সব কিছুর নিয়ন্ত্রক। তাঁকে কখনও তন্দ্রা স্পর্শ করতে পারে না, নিদ্রাও নয়। আকাশমন্ডলে যা আছে এবং পৃথিবীতে যা আছে সব কিছু তাঁরই। কে আছে, যে তাঁর অনুমতি ব্যতীত তাঁর কাছে সুপারিশ করবে? তিনি সবার সামনে ও পিছনে যা কিছু আছে সবই জানেন। তারা তাঁর জ্ঞানের কোনো কিছুই নিজের আয়ত্বে নিতে পারে না, কেবল ততটুকু ছাড়া যা তিনি নিজে ইচ্ছা করেন। তাঁর 'কুরসী' আকাশমন্ডল ও পৃথিবীকে পরিবেষ্টন করে রেখেছে। এ দুটোর রক্ষণাবেক্ষণে তাঁর বিন্দু মাত্রও কষ্ট হয় না। তিনি সুউচ্চ সুমহান। (সূরা বাকারা : ২৫৫)

ফযিলত : রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَنْ قَالَهَا حِيْنَ يُصْبِحُ أُجِيْرَ مِنَ الْجِنِّ حَتَّى يُمْسِيَ وَمَنْ قَالَهَا حِيْنَ يُمْسِيْ أُجِيْرَ مِنْهُمْ حَتَّى يُصْبِحَ

কেউ সকাল বেলা আয়াতুল কুরসি পড়লে সন্ধ্যা পর্যন্ত জিনদের হাত থেকে নিরাপদ থাকবে। সন্ধ্যাবেলা পড়লে সকাল পর্যন্ত নিরাপদ থাকবে। মুসতাদরাকে হাকেম : ১/৫৬২

অন্য হাদীসে এসেছে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَنْ قَرَأَ آيَةَ الكُرْسِيِّ دُبُرَ كُلِّ صَلاةٍ لَمْ يَمْنَعْه مِنْ دُخُولِ الجَنّةِ إِلَّا أَنْ يَمُوْتَ

কেউ প্রত্যেক (ফরয) নামাযের পর আয়াতুল কুরসি পড়লে তার জান্নাতে প্রবেশের জন্য মৃত্যু ছাড়া আর কোনও বাধা থাকে না। নাসায়ী, আমালুল ইয়াওম ওয়াল লাইলাহ : ১০০

সূরা ইখলাস, সূরা ফালাক ও সূরা নাস

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ هُوَ اللهُ اَحَدٌ اللهُ الصَّمَدُ لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ وَلَمْ يَكُنْ لَّه كُفُوًا اَحَدٌ.

বলুন, তিনি আল্লাহ, এক-অদ্বিতীয়। আল্লাহ হচ্ছেন সামাদ। (তিনি কারও মুখাপেক্ষী নন, সবাই তাঁর মুখাপেক্ষী) তিনি কাউকেও জন্ম দেন নি এবং তাঁকেও কারও থেকে জন্ম নেন নি। তাঁর সমতুল্য কেউই নেই। (সূরা ইখলাস ১-৪)

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ مِنْ شَرِّ مَا خَلَقَ وَمِنْ شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِي الْعُقَدِ وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ

বলুন, আমি আশ্রয় কামনা করছি ঊষার রবের। তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে এবং অন্ধকার রাতের অনিষ্ট থেকে যখন তা ছেয়ে যায় এবং সে সমস্ত নারীদের অনিষ্ট থেকে যারা (সূতার) গিরায় ফুঁ দেয় এবং হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে। (সূরা ফালাক ১-৫)

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ مَلِكِ النَّاسِ اِلٰهِ النَّاسِ مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ الَّذِيْ يُوَسْوِسُ فِيْ صُدُوْرِ النَّاسِ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ

বলুন, আমি মানুষের রব, মানুষের অধিপতি, মানুষের ইলাহের নিকট আশ্রয় কামনা করছি, আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট হতে; যে মানুষের অন্তরে কুমন্ত্রণা দেয়, সে জিনদের মধ্য থেকে হোক বা মানুষের মধ্য থেকে। (সূরা নাস ১-৬) - সুনানে আবূ দাউদ : ১৫২৩; জামে তিরমিযী : ২৯০৩

ফযিলত : রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَنْ قَالَهَا ثَلَاثَ مَرَاتٍ حِيْنَ يُصْبِحُ وَحِيْنَ يُمْسِي كَفَتْهُ مِنْ كُلِّ شَيْءٍ

কেউ সকাল-সন্ধ্যা তিন তিন বার এ তিনটি সূরা পড়লে এ সুরাগুলো তার জন্য সবকিছুর অনিষ্ট থেকে যথেষ্ট হবে। সুনানে আবূ দাউদ : ৫০৮২; জামে তিরমিযী : ৩৫৭৫

সব কিছুর ক্ষতি থেকে নিরাপত্তা

بِسْمِ اللَّهِ الَّذِي لَا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ

ফযিলত : রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَنْ قَالَهَا ثَلَاثًا إِذَا أَصْبَحَ، وَثَلَاثًا إِذَا أَمْسَى لَمْ يَضُرَّهُ شَيْءٌ

কেউ সকালে তিন বার এবং সন্ধ্যায় তিন বার এ দোয়া পড়লে কোনও কিছুই তার ক্ষতি করতে পারবে না। সুনানে আবু দাউদ : ৫০৮৮; জামে তিরমিযী : ৩৩৮৮; মুসনাদে আহমদ : ৪৪৬

সাইয়িদুল ইস্তিগফার

اللَّهُمَّ أَنْتَ رَبِّي لَا إِلَهَ إِلاَّ أَنْتَ، خَلَقْتَنِي وَأَنَا عَبْدُكَ، وَأَنَا عَلَى عَهْدِكَ وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ، أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا صَنَعْتُ، أَبُوءُ لَكَ بِنِعْمَتِكَ عَلَيَّ، وَأَبُوءُ بِذَنْبِي فَاغْفِرْ لِي فَإِنَّهُ لاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ.

হে আল্লাহ্! আপনি আমার রব। আপনি ছাড়া আর কোনও ইলাহ নেই। আপনি আমাকে সৃষ্টি করেছেন। আমি আপনার বান্দা। আমি আমার সাধ্যমতো আপনার (তাওহীদের) অঙ্গীকার ও (জান্নাতের) প্রতিশ্রুতির উপর রয়েছি। আমি আমার কৃতকর্মের অনিষ্ট থেকে আপনার নিকট আশ্রয় চাই। আপনি আমাকে যে সব নিয়ামত দিয়েছেন তা স্বীকার করছি। আর আমি নিজের অপরাধ স্বীকার করছি। অতএব আপনি আমাকে ক্ষমা করে দিন। আপনি ছাড়া আর তো কেউ গুনাহ মাফ করতে পারে না।

ফযিলত : রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَنْ قَالَهَا مُوْقِنًا بِهَا حِيْنَ يُمْسِي فَمَاتَ مِنْ لَيْلَتِهِ دَخَلَ الْجَنَّةَ وَكَذَالِكَ إِذَا أَصْبَحَ

কেউ পূর্ণ একিনের সাথে সন্ধ্যায় এটি পড়লে ওই রাতে মারা গেলে অবশ্যই জান্নাতে যাবে। সকালে পড়লে ওই দিন মারা গেলে অবশ্যই জান্নাতে যাবে। সহীহ বুখারী : ৬৩০৬

দুনিয়া ও আখিরাতে ক্ষমা ও নিরাপত্তা

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَفْوَ وَالْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ، اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَفْوَ وَالْعَافِيَةَ فِي دِينِي وَدُنْيَايَ وَأَهْلِي وَمَالِي، اللَّهُمَّ اسْتُرْ عَوْرَاتِي، وَآمِنْ رَوْعَاتِي، اللَّهُمَّ احْفَظْنِي مِنْ بَيْنِ يَدَيَّ، وَمِنْ خَلْفِي، وَعَنْ يَمِينِي، وَعَنْ شِمَالِي، وَمِنْ فَوْقِي، وَأَعُوذُ بِعَظَمَتِكَ أَنْ أُغْتَالَ مِنْ تَحْتِي.

হে আল্লাহ! আমি আপনার নিকট দুনিয়া ও আখেরাতে ক্ষমা ও নিরাপত্তা কামনা করি। হে আল্লাহ! আমি আপনার নিকট ক্ষমা এবং আমার দ্বীন, দুনিয়া, পরিবার ও অর্থ-সম্পদের নিরাপত্তা কামনা করি। হে আল্লাহ! আপনি আমার গোপন দোষগুলো ঢেকে রাখুন। আমার ভীত সন্ত্রস্ততাকে নিরাপত্তায় পরিণত করুন। হে আল্লাহ! আপনি আমাকে সামনের দিক থেকে, পিছনের দিক থেকে, ডান দিক থেকে, বাম দিক থেকে, উপরের দিক থেকে (মোটকথা সব দিক থেকে) রক্ষা করুন। আর আমি আপনার বড়ত্বের ওসিলায় নিচের দিক থেকে হঠাৎ আক্রান্ত হওয়া থেকে আশ্রয় চাই।

হযরত আব্দুল্লাহ বিন ওমর রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, এ দোয়াটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকাল-সন্ধ্যায় পড়তেন। সুনানে আবূ দাউদ : ৫০৭৪; সুনানে ইবনে মাজাহ : ৩৮৭১

বিষধর প্রাণীর ক্ষতি থেকে নিরাপত্তা

أَعُوْذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ

আমি আল্লাহর পরিপূর্ণ কালিমাসমূহের ওসিলায় তাঁর নিকট তাঁর সকল মাখলুকের ক্ষতি থেকে আশ্রয় কামনা করছি।

ফযিলত : রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَنْ قَالَ حِيْنَ يُمْسِيْ ثَلَاثَ مَرَّاتٍ : أَعُوْذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ، لَمْ تَضُرَّهُ حُمَةٌ تِلْكَ اللَّيْلَةَ

কেউ সন্ধ্যায় তিন বার এ দোয়াটি পড়লে ওই রাতে কোনো কিছুর বিষ তার কোনও ক্ষতি করবে না। মুসনাদে আহমদ : ৭৮৯৮ নাসায়ী, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ : ৫৯০

হযরত খাওলা বিনতে হাকীম আস-সুলামিয়াহ (রাযিঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কেউ কোথাও অবতরণ করে উপরের দোয়াটি পড়লে সেই জায়গা ত্যাগ করা পর্যন্ত কোন কিছুই তার ক্ষতি করতে পারবে না। জামে তিরমিজী : ৩৪৩৭; সুনানে মাজাহ : ৩৫৪৭

দশটি দাসমুক্তির সওয়াব

لاَ إِلَهَ إِلاَّ اللهُ، وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

এক আল্লাহ ছাড়া আর কোনও ইলাহ নেই, তাঁর কোনও শরীক নেই, রাজত্ব তাঁরই, সমস্ত প্রশংসাও তাঁরই, আর তিনি সকল কিছুর উপর ক্ষমতাবান।

ফযিলত : রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَنْ قَالَهَا فِيْ يَوْمٍ مِائَةَ مَرَّةٍ، كَانَتْ لَهُ عَدْلَ عَشْرِ رِقَابٍ، وَكُتِبَتْ لَهُ مِائَةُ حَسَنَةٍ، وَمُحِيَتْ عَنْهُ مِائَةُ سَيِّئَةٍ، وكَانَتْ لَهُ حِرْزًا مِنَ الشَّيْطَانِ يَوْمَه ذَلِكَ حَتَّى يُمْسِيَ، وَلَمْ يَأْتِ أَحَدٌ بِأَفْضَلَ مِمَّا جَاءَ بِهِ إِلَّا رَجُلٌ عَمِلَ أَكْثَرَ مِنْهُ.

কেউ দিনের বেলা একশ বার এ দোয়াটি পড়লে দশটি দাস মুক্ত করার সমপরিমাণ সওয়াব পাবে। তার নামে একশটি সওয়াব লেখা হবে। একশটি গোনাহ ক্ষমা করা হবে। সে দিন সন্ধ্যা পর্যন্ত শয়তানের হাত থেকে নিরাপদ থাকবে। (কেয়ামতের দিন) তার চেয়ে উত্তম আমল নিয়ে আর কেউ আসবে না। যদি না কেউ এ দোআটি তার চেয়ে বেশি পড়ে। সহী বুখারী : ৩২৯৩; সহী মুসলিম : ২৬৯১

সকাল সন্ধ্যায় পড়ার জন্য এমন আরও অনেক দোয়া বিভিন্ন হাদীসে এসেছে। এ বিষয়ে বিভিন্ন কিতাবও আছে। 'হিসনুস মুসলিম' নামে বাজারে একটি কিতাব পাবেন। ওই কিতাবে থাকা সবগুলো দোয়াই নির্ভরযোগ্য। এ ছাড়া 'হাদিসে বর্ণিত সকাল-সন্ধ্যার মাসনূন যিকির' এ নামে ছোট একটি বইও আছে। তো সকাল সন্ধ্যার সবগুলো দোয়াই আমরা পড়ব এবং পড়ার সময় অবশ্যই দোয়ার অর্থ ও মর্মের প্রতি লক্ষ্য রেখে পড়ার চেষ্টা করব ইনশাআল্লাহ। তাহলেই এ দোয়াগুলোর মাধ্যমে আমরা অন্তরে অন্য রকম এক ঈমানি তৃপ্তি ও স্বাদ অনুভব করব ইনশাআল্লাহ। হাদীসে এসেছে,

عَنِ الْعَبَّاسِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ رضي الله عنه أَنَّهُ سَمِعَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ: «ذَاقَ طَعْمَ الإِيمَانِ، مَنْ رَضِيَ بِاللهِ رَبًّا، وَبِالإِسْلاَمِ دِيناً، وَبِمُحَمَّدٍ رَسُولاً». رواه مسلم

হযরত আব্বাস বিন আব্দুল মুত্তালিব রাযি. থেকে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন, ওই ব্যক্তি ঈমানের স্বাদ পায়, যে আল্লাহকে রব, ইসলামকে দ্বীন এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নবী হিসেবে পেয়ে সন্তুষ্ট। সহী মুসলিম

হাদীসটি থেকে বুঝা যায়, ঈমানেরও স্বাদ আছে, মজা আছে, মিষ্টতা আছে, যা শুধু সত্যিকারের মু'মিনরাই অনুভব করতে পারে। পাশাপাশি এও বুঝা যায় যে, ঈমানের স্বাদ ও মিষ্টতা একমাত্র সে-ই অনুভব করতে পারে যে আল্লাহকে রব, ইসলামকে দ্বীন এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নবী হিসেবে পেয়ে সন্তুষ্ট।

আজকে আমরা যে হাদীসটি দিয়ে আমাদের আলোচনা শুরু করেছিলাম সেই হাদীসটি আবার একটু স্মরণ করিয়ে দিচ্ছি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَا مِنْ عَبْدٍ مُسْلِمٍ يَقُولُ حِينَ يُصْبِحُ وَحِينَ يُمْسِي ثَلَاثَ مَرَّاتٍ: رَضِيتُ بِاللَّهِ رَبًّا، وَبِالْإِسْلَامِ دِينًا، وَبِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيًّا، إِلَّا كَانَ حَقًّا عَلَى اللَّهِ أَنْ يُرْضِيَهُ يَوْمَ الْقِيَامَةِ

কোন মুসলমান সকাল-সন্ধ্যা তিন তিনবার নিম্নোক্ত দোয়াটি পড়লে কিয়ামতের দিন আল্লাহ তাআলা তাকে অবশ্যই সন্তুষ্ট করে দেবেন। দোয়াটি হল,

رَضِيتُ بِاللَّهِ رَبًّا، وَبِالْإِسْلَامِ دِينًا، وَبِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيًّا

আমি আল্লাহকে রব, ইসলামকে দ্বীন এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নবী হিসেবে পেয়ে সন্তুষ্ট। মুসনাদে আহমাদ : ১৮৬৭১

দোয়াটি পড়ার সময় এর যে সংক্ষিপ্ত ব্যাখ্যা উপরে পেশ করা হয়েছে তা আমরা অন্তরে হাজির রাখার চেষ্টা করব ইনশাআল্লাহ।

মুহতারাম ভাইয়েরা! আজকের আলোচনা এখানেই শেষ করছি। আল্লাহ তাআলা আমাদের সবাইকে তাঁর দ্বীনের জন্য কবুল করুন এবং ইখলাসের সাথে জিহাদ ও শাহাদাতের পথে অবিচল থাকার তাওফিক দান করুন। আমরা সকলে মজলিস থেকে উঠার দোয়াটা পড়ে নিই।

سبحانك اللهم وبحمدك، أشهد أن لا إله إلا أنت، أستغفرك وأتوب إليك

وصلى الله تعالى على خير خلقه محمد وآله واصحابه اجمعين

وآخر دعوانا ان الحمد لله رب العالمين



স্বাধীন কে?

মূলঃ আমের সালীম খাঁন
অনুবাদঃ মাওলানা যুবায়ের

এই লেখা একজন ঈমানী আত্মমর্যাদা সম্পন্ন ব্যক্তির লেখা যিনি পাকিস্তানী নিরাপত্তা বাহিনীর সাথে সম্পৃক্ত ছিলেন। তিনি ঈমানী আহবানে সাড়া দিয়ে পাকিস্তানি বাহিনী ছেড়ে জিহাদি কাফেলায় শরিক হয়েছেন।

আমাদের দেশে স্বাধীন কে?

আমাদের দেশে ঐ ব্যক্তিই স্বাধীন - যে যখন-তখন, যেখানে-সেখানে, যার উপর ইচ্ছা তার উপরে ড্রোন বিমান দিয়ে আক্রমণ করে তার জান নিয়ে নেয় এবং তাকে জিজ্ঞাসা করার মতো ও কেউ থাকেনা, কারো এই সাহস হয় না যে তার থেকে হিসাব নিবে।

আমাদের দেশে স্বাধীন ঐ ব্যক্তি যে, কাউকে উঠিয়ে নিয়ে নিজের কাছে বা কোন পরিত্যক্ত দ্বীপে(গোয়ান্তানামো) বন্দি করে রাখে। তাকে বাধা দেওয়ার মত কেউ থাকেনা। একাজের জন্য তাঁকে জবাবদিহি ও করতে হয় না। যেমন; আমাদের বোন আফিয়া সিদ্দীকীকে তার নিজ শহর থেকে উঠিয়ে নিয়ে গেছে। একইভাবে আমাদের দেশ থেকে হাজারো মুজাহিদ ভাইদেরকে গ্রেফতার করে গোয়ান্তানামোতে বন্দি করে রেখেছে।

আমাদের দেশে ঐ ব্যক্তিই স্বাধীন যে, আমাদের দেশের জন্য নির্ধারিত অন্য একটি বন্ধু ইসলামী রাষ্ট্রের রাষ্ট্রদূতকে গ্রেফতার করে। এরপর তাকে বিবস্ত্র করে নিজ বিমানে উঠিয়ে নিজ জেলখানায় নিয়ে বন্দি করে রেখেছে। অথচ এই জঘন্য কাজ করা সত্ত্বেও তাকে কেউ তিরস্কার করতে পারেনি।

আমাদের দেশে ঐ ব্যক্তি স্বাধীন যে অনেক দূরের দেশ থেকে এসে, আমাদের দেশে স্বাধীন ভাবে ঘুরাফেরা করে। এরপর যাকে মনে চায় নিজ অস্ত্র দিয়ে হত্যা করে ফেলে। জি হ্যাঁ আমাদের দেশে তদন্ত কারী পুলিশেরা স্বাধীন, যারা যে কাউকে হত্যা করে নিরাপদে নিজ ঘরে চলে যায়।

আমাদের দেশে সে স্বাধীন যে, যে কোন জায়গায় স্বীয় চিম্বুক হেলিকপ্টার উড়িয়ে অতর্কিত হামলা চালাতে পারে, লোকদের ঘরে ঢুকে যেতে পারে, এবং যে কাউকে হত্যা করতে পারে। সেই জায়গাটা যদিও এ্যাবোটাবাদের মতো কোন জায়গায় হয় তবুও তার নিস্তার নেই। আমাদের দেশে ঐ ব্যক্তি স্বাধীন যার পরিপূর্ণ ইখতিয়ার রয়েছে যে,

আমাদের দেশের যে কোন বিমান ঘাটিকে নিজের বিমান ঘাটি বানিয়ে নিবে। এই বিমান ঘাটিতে নিজের বিমান গুলো, ড্রোনগুলো মোতায়েন করে রাখবে। এই বিমান ঘাটি থেকে সে যখন ইচ্ছা নিজ বিমান উড়িয়ে মুসলমানদের উপর বোম্বিং করবে। যেমন কাবায়িলি পুরাতন জিহাদি পার্টির উপর বৃটেনের যুদ্ধ জাহাজগুলো বোম্বিং করেছিল এবং বর্তমানে আফগান যুদ্ধে আমাদের দেশ থেকে সাতান্ন হাজার বার মার্কিন যুদ্ধ বিমান যেয়ে বোম্বিং করে এসেছে।

আমাদের দেশে ঐ ব্যক্তি স্বাধীন যার কাছে আমাদের স্থলপথ, আকাশপথ, সমুদ্র এবং বন্দরসমূহের এখতিয়ার রয়েছে। তারা নিজ প্রয়োজনে যখন ইচ্ছা এগুলো ব্যবহার করতে পারে। তাদের যুদ্ধ সরঞ্জামগুলো আমাদের সামুদ্রিক রাস্তা দিয়ে করাচী বন্দরে আসে। তারপর সেখান থেকে প্রকাশ্যে আমাদের দেশের সড়ক দিয়ে কোন ধরণের বাঁধা ব্যতিত একস্থান থেকে অন্যস্থানে চলে যায়।

আমাদের দেশে ঐ ব্যক্তিই স্বাধীন যার সাপ্লাইগুলো সমুদ্রে আমাদের নৌবাহিনী এবং সড়ক পথে আমাদের স্থলবাহিনী হেফাজত করে।

আমাদের দেশে ঐ ব্যক্তি স্বাধীন যে, যেকোন জায়গায় আমাদের বাহিনীকে মোতায়েন করে তাদের দ্বারা অপারেশনের নামে আমাদের জনসাধারণকে ব্যাপক ভাবে হত্যা করতে পারে। তারা মসজিদ সমূহকে শহিদ করে, বস্তি গুলোকে উজাড় করে জনসাধারণকে গৃহহীন করে দেয়। তাদেরকে ঘর থেকে বের করে দিয়ে ক্যাম্পসমূহে জীবন যাপনে বাধ্য করে।

আমাদের দেশে ঐ ব্যক্তি স্বাধীন যে, আমাদের সেনাবাহিনীকে বাহবা দেয় নিষ্পাপ শিশুদেরকে ফসফরাস বোমা দিয়ে ভস্ম করার কারণে। হ্যাঁ আমাদের দেশে ঐ ব্যক্তিই স্বাধীন যে, আমাদের সেনাবাহিনীকে কোয়ালিশন সাপোর্ট দিয়ে এসব কিছু করায়।

আমাদের দেশে ঐ ব্যক্তি স্বাধীন যে, আমাদের দেশের পলিসি বানাতে সক্ষম। তিনি আন্তর্জাতিক মার্কেটে আমাদের দেশের নোটের(টাকার)মূল্য নির্ধারণ করে থাকেন। যদি মন চায় তাহলে প্রতিবেশীদের সাথে আমাদের সম্পর্ক ভালো করে দেন, আবার মন চাইলে নষ্ট করে দেন। তিনি চাইলে আমাদের দেশর রাষ্ট্রীয় ব্যবস্থা হবে গণতান্ত্রিক, আর তিনি না চাইলে রাষ্ট্রব্যবস্থা হবে একনায়কতন্ত্র। তিনি আমাদেরকে আর্থিক সাহায্য না করলে আমাদের দেশ দেউলিয়া হয়ে যাবে!! তিনি কাশ্মীরের ব্যাপারে শুধুমাত্র সালিশের কথা বললেই কাশ্মীরের ব্যাপারে আমাদের দেশের অবস্থান দৃঢ় হয়ে যায়।
সে আমাদের F-16 উড়োজাহাজকে উপরের গ্রেডে নির্ধারণ না করলে সেটা নিচের গ্রেডে চলে যায় এবং তা শত্রুর বিরুদ্ধে কাজের উপযুক্ত থাকে না।

জি হ্যাঁ! আমাদের দেশে এই লোক স্বাধীন।
এই দেশে আর কে স্বাধীন?
যে তাদের গোলাম সে স্বাধীন। তাদের গোলাম কিভাবে স্বাধীন? সে এভাবে স্বাধীন যে - যখন চায় কাউকে গুম করে ফেলে, যে কাউকে নিজের গোপন টর্চার সেলে নির্যাতনের লক্ষ্যবস্তু বানায়। যে কাউকে মেরে সড়কে লাশ ফেলে দেয়। সে চাইলে তার মন মত সরকার নিয়ে আসবে। প্রতিরক্ষার নামে বাজেটের থেকে সবচেয়ে বড় অংশটা নিজের নামে করে নিবে। এতে দেশের দারিদ্রতার স্তর ইতিহাসের সর্বোচ্চ স্তরেই থাকুক না কেন? সে চাইলে সুপ্রিমকোর্টের বিচারপতিদেরকে নিজের ইচ্ছানুযায়ী ফায়সালা করতে বাধ্য করবে। যদি কেউ তা মেনে না নেয় তাহলে তার সাথে বিচারপতি শওকত আজীজ সিদ্দিকির সাথে যেমন আচরণ করা হয়েছে তেমন আচরণ করবে। সে ইচ্ছা করলে সিনেটের ভোট কিনে নিবে এবং নিজের মনমত লোক চেয়ারে বসিয়ে রাখবে।

সে ইচ্ছা করলে ওলামায়ে কেরামদের সাথে সম্পর্ক রাখে এমন কতক লোকের মাধ্যমে নিজের মর্জি মত ফতওয়া প্রকাশ করবে। আর যদি কোন আলেমে রাব্বানী হক বয়ান করেন তাহলে তিনি তাদের গুলি এবং বর্শার লক্ষ্যবস্তু হয়ে যান।

হ্যাঁ ঐ সকল লোকেরা স্বাধীন যাদের ইচ্ছার বিরুদ্ধে মিডিয়া একটি শব্দও প্রচার করতে পারেনা। যদি করে তবে তাদের ট্রান্সমিশন বন্ধ করে দেয়া হয়। আর যাদের ট্রান্সমিশন বন্ধ করে দেয়া হয় তাদের এই ব্যাপারে কোন কিছু জিজ্ঞাসা বা বলার কোন সাহস নেই। সবশেষে চ্যানেলওলারাই উল্টা ক্ষমা চাইবে। এইদেশে তাদের মর্জির মত যে সকল সাংবাদিকরা চলে তারা দেশপ্রেমিক। বাকিরা দেশের দুশমন।

مِّنَ الْمُؤْمِنِينَ رِجَالٌ صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ
فَمِنْهُم مَّن قَضَىٰ نَحْبَهُ وَمِنْهُم مَّن يَنتَظِرُ ۖ وَمَا بَدَّلُوا تَبْدِيلًا

মুমিনদের মধ্যে কতক আল্লাহর সাথে কৃত ওয়াদা পূর্ণ করেছে।
তাদের কেউ কেউ মৃত্যুবরণ করেছে এবং কেউ কেউ প্রতীক্ষা করছে।
তারা তাদের সংকল্প মোটেই পরিবর্তন করেনি। ▪ সূরা আহযাব-২৩





দাওয়াতের পদ্ধতি

এবং জিহাদি মানহাজের উজ্জ্বল ভবিষ্যত ও তার সংরক্ষন।

১ম পর্ব

মূলঃ উস্তাদ উসামা মাহমুদ হাফিজাহুল্লাহ
অনুবাদঃ সৈয়দ সাফকাত ওয়াসি

মূলত এই আলোচনা করা হয়েছে ইন্টারনেট সহ সর্বমহলের জিহাদের পথে আহবান কারী দা'য়ীগণকে লক্ষ্য করে।

কিছু পদ্ধতি এমন যা দাওয়াতের জন্য ক্ষতিকর!

এবিষয়ে আলোচনা করার আগ্রহ তৈরী হয়েছে ইন্টারনেটে জিহাদের প্রতি দাওয়াত বিষয়ক কিছু পেইজ দেখে। এসকল পেইজের পরিচালক-গণ একদিকে প্রশংসা পাওয়ার যোগ্য। কারণ তারা এই চতুর্মুখি ফেতনার সময়ে জিহাদের দিকে দাওয়াতের ঝান্ডা উঁচু করে বাতিলের বিরোধিতা করছে। এমনকি তারা এই বাতিল শাসনব্যবস্থা দূর করার উপায় একমাত্র জিহাদকেই সাব্যস্ত করেছে। এদিক থেকে তাদের যত প্রশংসাই করা হোক না কেন তা কম হবে। কারণ, বর্তমানে যেখানে 'যামানার ফেরাউনদের' অসন্তুষ্টি থেকে বাঁচার এবং তাদের মন জয় করার জন্য বড় বড় ব্যক্তিরাও প্রতিযোগিতায় লিপ্ত, সেখানে এই ভাইয়েরা জালেমদের প্রভাবে প্রভাবিত না হয়ে, নিজেদের জান হাতে নিয়ে তাদের জুলুম নির্যাতনের বিরুদ্ধে আওয়াজ তুলছে।

সেইসাথে জিহাদের দাওয়াতের বিরোধিতাকারীদেরকে তাদের পক্ষ থেকে দেওয়া খন্ডন দেখে তাদের ইখলাসেরও প্রমাণ পাওয়া যায়। এই ভাইদের ইখলাসের সামনে শ্রদ্ধায় আমাদের মাথা ঝুঁকে যায়। কিন্তু তার পরিণতি দেখে অতি আফসোসের সাথে বলতে হয় - এই সম্মানিত ভাইদের কারো কারো দাওয়াতের পদ্ধতি ও খণ্ডনের তরিকা মোটেও সঠিক নয়। আল্লাহ তা'আলা আমাদেরকে কাফেরদের সাথে পর্যন্ত হেকমত, উত্তম নসিহত ও সর্বোত্তম পদ্ধতিতে আলোচনা-পর্যালোচনা ও মুনাযারা করার নির্দেশ দিয়েছেন। ফেরাউনের সাথে পর্যন্ত দাওয়াতের ক্ষেত্রে নরম ব্যবহারের তাকিদ করেছেন।

কিন্তু এসমস্ত পেইজে কি আম কি খাস, উলামায়ে কেরাম ও দ্বীনদার লোকদের ব্যাপারেও অত্যন্ত কঠিন এবং বিদ্রুপাত্মক কথা লেখা হয়। যেই সমস্ত মতবিরোধকারীদেরকে নিজেদের পক্ষে নিয়ে আসার চেষ্টার দরকার ছিলো, তাদেরকে এমনভাবে সম্বোধন করা হয় যাতে কোন ধরনের সহানুভূতি ও কল্যাণকামীতার ঘ্রাণও থাকে না।

যে কোন মুসলমানকেই নিন্দা করা, বিদ্রুপ করা, অভিশাপ দেয়া হারাম। কিন্তু দেখে মনে হয় যেন এটাই এক্ষেত্রে দাওয়াতের আসল পদ্ধতি। যে ব্যক্তি একশতে একশ আমার মত সমর্থন করবে সে আমার আপন, আর যে সামান্য একটু বিরোধিতা করবে সেই দুশমন!!! তার মুসলমান হওয়ার ব্যাপারেই সন্দেহ! তাকফিরে মুআয়্যিন (তথা নির্দিষ্টভাবে কাউকে কাফের আখ্যায়িত করা) এর কাজ যা গভীর ইলমের অধিকারী, বিচক্ষণ ও প্রজ্ঞার অধিকারী আলেমদের কাজ, এখানে তা খুব হালকাভাবে দেখা হয়। বিভিন্ন ব্যক্তি ও দলের উপর খুব সহজেই কুফুরির ফতোয়া দিয়ে দেয়া হয়। এখানে বিরোধিতাকারী দ্বীনদারদের প্রতি কল্যাণকামীতা নেই, কোন হারাম কাজে সতর্ক করেই ক্ষান্ত হওয়া নেই। আছে শুধু গালিগালাজ, নিন্দা, বিয়ে ভেঙে যাওয়ার হুমকি এবং তাদের সরাসরি ক্ষতি করার চেষ্টা। তাদের ব্যাপারে এমন এমন শব্দ ব্যবহার করা হয়, যা মুখে আনাও অসম্ভব। নব্য মুরজিয়া, ধর্মীয় হিজড়া এমন আরও অশ্রাব্য কথাবার্তা!!

ইয়া আল্লাহ! এ কেমন দাওয়াত!!? এরা কীভাবে মনে করে যে, তাদের

দ্বারা ইসলামের কোন খেদমত হতে পারে! দাওয়াতের এ পদ্ধতি আই. এস এর আত্মপ্রকাশের পূর্বেও অনেক জোরেশোরে চালু ছিলো। যখন আই. এস আত্মপ্রকাশ করল তখন জিহাদের পথে আহ্বানকারী এই সকল দা'য়ীগণ এই ফেতনায় জড়িয়ে পড়ে। সাথে সাথে এর প্রভাবে প্রভাবিত ব্যক্তিরাও এই ফেতনায় লিপ্ত হয়ে গেলো। খুব কম সংখ্যক লোকই প্রকাশ্যে এই খারেজীদের দলভুক্ত হওয়া থেকে মুক্ত ছিল।

বাস্তবতা হলো দাওয়াত ও জিহাদের সফরে কলব যখন ইনসাফ থেকে সরে যায় - তখন বিনয় অহংকারে, ভাষার শালীনতা অশালীনতায় রূপান্তরিত হয়। এবং অন্তরের নম্রতা কাঠিন্যতার রুপ ধারণ করে। তারপর সে ব্যক্তি নিজেও গোমরাহির পথে চলে এবং অন্যকেও গোমরাহির পথ প্রদর্শন করে। আমি অত্যন্ত ভারাক্রান্ত হৃদয়ে বলছি, এই ভাইরা বিষয়টি বুঝুক আর আর না বুঝুক, ইতিহাস সাক্ষী এই ধরণের দাওয়াতের দ্বারা জিহাদের খুব কমই ফায়দা হয়েছে। কারণ এখানে দাওয়াত কম আর লোকদেরকে জিহাদ থেকে বিমুখ করা হয় বেশি। এ ধরণের দাওয়াত জিহাদের সাথে সম্পৃক্ত ব্যক্তিদেরকেও অনেক সময় পথভ্রষ্ট করে দেয়। এবং তাদেরকে সীমালঙ্ঘন ও তাকফিরের অন্ধকারে নিমজ্জিত করার মাধ্যম হয়।

আমি আবারও বলছি, উল্লেখিত ভাইদের ইখলাস নিয়ে কোন কথা বলছি না। কিন্তু শুধুমাত্র ইখলাস মোটেও যথেষ্ট নয়। ইখলাসের সাথে সাথে আমাদের ফিকির ও আমল সুন্নত অনুযায়ী হওয়া উচিৎ। আল্লাহর কাছে যেই ইখলাস গ্রহণযোগ্য তা হলো, আমরা হক্ক জেনে তার সামনে আমাদের মাথা ঝুঁকিয়ে দিব। আত্মসমালোচনা হবে আমাদের মূলভিত্তি। আমাদের কথা ও কাজ যেন শরীয়ত অনুযায়ী হয়, সেজন্য সর্বদা চেষ্টা চালিয়ে যেতে হবে। কিন্তু এর বিপরীতে আমরা যদি ঐসমস্ত কাজকে সঠিক বলি, যাকে আমাদের অন্তর সঠিক বলে - তাহলে তা ঐ ইখলাস নয় যা আল্লাহর নিকট নাজাতের মাধ্যম। বরং এটা হবে নফসের চাহিদা পূরণ - যা সমস্ত খারাবির মূল। নফসের অনুসরণ মানুষকে গোমরাহী ও অপবিত্রতার এমন গভীরে পৌঁছে দেয়, যার পরিণতি দুনিয়াতে পশুত্ব এবং আখেরাতে জাহান্নামের জ্বলন্ত আগুন। আল্লাহ আমাদেরকে নফসের চাহিদা অনুযায়ী চলা থেকে হেফাযত করুন। দাওয়াত ও জিহাদের ময়দানে, জীবনের প্রতিটি মুহূর্ত নিজেকে শরীয়তের অনুগামী করে রাখার তাওফিক দান করুন। আমিন।

সুতরাং জিহাদের পথে আহবানকারী দা'য়ীগণের জন্য জরুরী হল, আল্লাহর নিকট গ্রহণযোগ্য দাওয়াতের পদ্ধতি বুঝা এবং সে অনুযায়ী আমল করা। আল্লাহর মনোনীত পদ্ধতিতেই জিহাদের খেদমত হতে হবে। অতএব দাওয়াতের ঐ পদ্ধতি থেকে বেঁচে থাকতে হবে যা দাওয়াতের কোন পদ্ধতিই নয়, এবং যার দ্বারা জিহাদের খেদমতের চাইতে ক্ষতিই বেশি হয় ।

দাওয়াতের সঠিক পদ্ধতি

আল্লাহ তা'আলা যেখানেই দাওয়াতের আদেশ করেছেন

ادع الی سبیل ربك

অর্থাৎ দ্বীন ও দ্বীনের কাজের প্রতি দাওয়াতের কথা বলেছেন, সেখানে তার পদ্ধতিও বলে দিয়েছেন। এ পদ্ধতি হলো হেকমত, উত্তম ওয়াজ নসিহত এবং আকর্ষণীয় পদ্ধতিতে মুনাযারা করা।

আল্লাহ তা'আলার ঘোষণা:

ادْعُ إِلِى سَبِيلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُم بِالَّتِي هِيَ أَحْسَنُ إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ بِمَن ضَلَّ عَن سَبِيلِهِ وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ

অর্থ: "আপন পালনকর্তার পথের প্রতি আহবান করুন জ্ঞানের কথা বুঝিয়ে ও উপদেশ শুনিয়ে উত্তমরূপে এবং তাদের সাথে বিতর্ক করুন পছন্দ যুক্ত পন্থায়। নিশ্চয় আপনার পালনকর্তাই ঐ ব্যক্তি সম্পর্কে বিশেষ ভাবে জ্ঞাত রয়েছেন, যে তাঁর পথ থেকে বিচ্যুত হয়ে পড়েছে এবং তিনিই ভাল জানেন তাদেরকে, যারা সঠিক পথে আছে।" [সুরা নাহল ১৬:১২৫]

আল্লামা শাব্বির আহমদ উসমানী রহ. এই আয়াতের তাফসীরে বলেন: এই আয়াতে স্বয়ং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে শিক্ষা দেয়া হচ্ছে, কীভাবে আল্লাহর পথে মানুষকে দাওয়াত দিতে হবে। এখানে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তিনটি পদ্ধতির কথা বলেছেন

১. হেকমত
২. মাওয়ায়েযে হাসানা
৩. জিদালে হাসানা।

প্রত্যেকটির বিবরণ নিম্মে উল্লেখ করা হল

১. হেকমত:
হেকমত দ্বারা উদ্দেশ্য হলো - খুব মজবুত বিষয়ও অকাট্য প্রমাণের মাধ্যমে, প্রজ্ঞার সাথে উপস্থাপন করা। যা শুনে বিবেক-বুদ্ধির অধিকারী জ্ঞানী ব্যক্তিবর্গ ও ইলম পিপাসু আলেমগণ মাথা ঝুঁকিয়ে দেয়। জাগতিক দর্শন তার সামনে ম্লান হয়ে যায়। হেকমত দ্বারা ওহী থেকে প্রাপ্ত কোন বিষয়কে এমনভাবে উপস্থাপন করা বুঝায়, যেন জ্ঞানগত ও বুদ্ধিবৃত্তিক দিক থেকে কোন ধরনের খুঁত কেউ ধরতে না পারে।

২. মাওয়ায়েযে হাসানা:
অন্তর নরমকারী ও প্রভাব বিস্তারকারী নসিহতকে মাওয়ায়েযে হাসানা বলে। এর মধ্যে ভাষামাধুর্য থাকবে, সেই সাথে অন্তরবিগলিত করার মতো প্রাণও থাকতে হবে। ইখলাস, সহমর্মিতা, দয়া ও উত্তম আখলাকের সাথে সুন্দরভাবে কৃত নসিহত দ্বারা পাথরের মত শক্ত অন্তরও মোমের মত গলে যায়। মৃতও প্রাণ ফিরে পায়, নিরাশাগ্রস্ত জাতি গা ঝাড়া দিয়ে উঠে দাড়ায়। উৎসাহ ও ভীতিপ্রদর্শনমূলক ওয়াজ শুনে জান্নাতের দিকে অস্থির চিত্তে দৌড়ানো শুরু করে। বিশেষ করে যাদের অন্তর হক্কের জযবায় ভরপুর, কিন্তু উঁচু চিন্তা-চেতনা ও বেশি মেধার অধিকারী নয়, তাদের মধ্যে প্রভাব বিস্তারকারী ওয়াজ নসিহত দ্বারা আমলের জন্য এমন এক আগ্রহ তৈরি করা যায় যা উঁচু স্তরের গবেষণালব্ধ ইলমী তাহকিকের মাধ্যমে সম্ভব নয়।

তবে, দুনিয়াতে একশ্রেণীর মানুষ আছে যারা সবসময় সব বিষয়ে নাক গলায়। এরা প্রত্যেক কথায় প্যাঁচ ধরে আর অযথা তর্ক করে। এসমস্ত লোকেরা হেকমতপূর্ণ কথা শোনে না, ওয়াজ নসিহতও কবুল করে না। তারা চায় সব বিষয়েই তর্ক-বিতর্ক চলতে থাকুক।

৩. জিদালে হাসানা:

অনেক সময় বুঝমান, সত্যানুসন্ধানী ব্যক্তিকেও সন্দেহ ঘিরে ধরে। আলোচনা ছাড়া তারও এতমিনান হয়না। তাদের জন্য হল জিদালে হাসানা। যা আয়াতে এভাবে বলা হয়েছে وَجَادِلْهُم بِالَّتِي هِيَ أَحْسَنُ

অর্থাৎ যদি এমন পরিস্থিতি হয় তাহলে সর্বোত্তম পদ্ধতিতে ভদ্রতা, সঠিক দিকনির্দেশনা ও ইনসাফের সাথে মুনাযারা করবে। প্রতিপক্ষকে কোন অভিযোগ দিলে উত্তম পদ্ধতিতে দিবে। অযথা অন্তরে আঘাতকারী কথাবার্তা বলে ঝগড়ার পরিবেশ তৈরি করবে না। বিষয়টি এমনভাবে পেশ করতে হবে যেন অনেক দূর পর্যন্ত না গড়ায়। লোকদেরকে বুঝানো ও সত্য প্রতিষ্ঠা আমাদের উদ্দেশ্য হওয়া উচিৎ। কঠোরতা, খারাপ ব্যবহার, চাপাবাজি ও গোয়ার্তুমি দ্বারা কোন ফায়দা হয় না।

মুফতি শফি রহ. দাওয়াতের পদ্ধতির ক্ষেত্রে আম্বিয়ায়ে কেরামের তরীকার বর্ণনা করতে গিয়ে বলেন: আল্লাহর পথে আহবান মূলত নবীগণের কাজ। উলামায়ে কেরাম এ দায়িত্ব পালন করেন নবীদের নায়েব বা প্রতিনিধি হিসেবে। এজন্য জরুরী হলো দাওয়াতের পদ্ধতি ও আদবও নবীদের থেকে শিখে নেওয়া। যে দাওয়াত তাদের তরীকার উপর থাকবে না, তা দাওয়াতই না, বরং তা লড়াই বা ঝগড়ার কারণ হয়ে দাড়াবে। নববী দাওয়াতের মূলনীতি কেমন সেটা আমরা মুসা ও হারুন আলাইহিস সালামকে আল্লাহ যে নির্দেশ দিয়েছেন তা থেকে শিখে নিতে পারি। আল্লাহ তা'আলা বলেন:

فَقُولَا لَهُ قَوْلًا لَيِّنًا لَعَلَّهُ يَتَذَكَّرُ أَوْ يَخْشَى

অর্থাৎ ফেরাউনের সাথে নরম কথা বল, হয়ত সে বুঝবে অথবা ভীত হবে। সুরা ত্বা-হা ২০:৪৪

প্রত্যেক দাঈর সর্বদা এ বিষয়টি মাথায় রাখা উচিৎ যে, ফেরাউনের মত অহংকারী কাফের, যার মৃত্যুও আল্লাহর ইলম অনুযায়ী কুফর অবস্থায়ই হবে - তার ক্ষেত্রেও আল্লাহ নিজের দাঈকে নরম ব্যবহারের উপদেশ দিয়ে বলেছেন "নরমভাবে দাওয়াত দিবে"।
বর্তমানে আমরা যাদেরকে দাওয়াত দিই, তারা কেউ ফেরাউনের চেয়ে বড় গোমরাহ নয়। আর আমদের কেউ মূসা ও হারুন আলাইহিস সালামের মত পথপ্রদর্শকও নই। তো যেই অধিকার আল্লাহ তা'আলা তাঁর দুই নবীকে দেননি যে, "মাদউর সাথে শক্ত ব্যবহার করবে, তাকে অপমান করবে" - সে অধিকার আমাদের কোথা থেকে অর্জন হয়ে গেলো?!!!

কুরআনে কারীমে নবীগণের দাওয়াত ও তাবলীগ এবং কাফেরদের সাথে মুনাযারার আলোচনা অনেক আছে। কোথাও দেখা যায় না যে, ইসলামের বিরোধিতাকারীদের জবাবে কোন নবী কখনও কোন শক্ত ভাষা ব্যবহার করেছেন। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তো এবিষয়েও খেয়াল রাখতেন যে, মাদউর অপমানও যেন না হয়। তাই কাউকে যদি তিনি কোন ভুল বা অন্যায় কাজে লিপ্ত দেখতেন, তখন তাকে কিছু না বলে সাধারণ মজলিসে বলতেন "লোকদের কি হলো যে, তারা এমন এমন করে?"। এই সাধারণ সম্বোধনে যাকে শোনানোর উদ্দেশ্য সেও শুনতো এবং নিজের সংশোধনের ফিকিরে লেগে যেত।

সাধারণত নবীগণের অভ্যাস ছিলো শ্রোতাকে লজ্জা থকে বাঁচানো। তাই অনেক সময় যে কাজ শ্রোতার দ্বারা সংঘটিত হতো তা নিজের দিকে নিসবত করে সংশোধনের চেষ্টা করতেন। সূরা ইয়াসীনের মধ্যে আল্লাহ তা'আলা বলেন:

وَمَا لِيَ لاَ أَعْبُدُ الَّذِي فَطَرَنِي وَإِلَيْهِ تُرْجَعُونَ

আমার কি হল যে, যিনি আমাকে সৃষ্টি করেছেন এবং যার কাছে তোমরা প্রত্যাবর্তিত হবে, আমি তাঁর এবাদত করব না? সুরা ইয়া-সীন ৩৬:২২

এটা তো জানা কথা যে, আয়াতে উল্লেখিত এই দূত সর্বদা আল্লাহর ইবাদতেই লিপ্ত থাকতো, শুধু কাফের শ্রোতাকে শুনানোর উদ্দেশ্যই এই কাজকে নিজেদের দিকে নিসবত করে বলেছেন।
দাওয়াতের উদ্দেশ্য শুধু অন্যের সমালোচনা করা নয়, বরং অন্যকে নিজের কাছে ডেকে আনা। আর এই ডাকা তখন কার্যকর হবে যখন বক্তা-শ্রোতা উভয়ের মাঝে কোন একটি বিষয়ে একাত্মতা থাকবে। এজন্য পবিত্র কুরআনে নবীগণের দাওয়াতের অধিকাংশই يا قوم 'ইয়া কওম' (হে আমার সম্প্রদায়!) শিরোনামে এসেছে। নবীগণ "হে আমার সম্প্রদায়" এই শব্দের দ্বারা প্রথমেই ভ্রাতৃত্বের বন্ধনের কথা উল্লেখ করেছেন। এরপর তাদের সংশোধনের আলোচনা করেছেন যে, "আমরা তো ভ্রাতৃত্বের দিক থেকে একই জাতের মানুষ, আমাদের মাঝে তো কোন দূরত্ব নেই"। একথা বলেই তাদের সংশোধনের কাজ শুরু করতেন। রসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোমের বাদশার নামে যে চিঠি পাঠিয়েছেন, তাতে তাকে 'আযীমুর রোম' তথা রোমের সম্মানিত বাদশা উপাধিতে সম্বোধন করেছেন। এখানে তাকে "রোমের সম্মানিত বাদশা" বলে সম্মান করেছেন।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসল্লামের সীরাহ নিয়ে যদি ফিকির করা হয়, তাহলে তালীম ও দাওয়াতের এধরণের অনেক আদাব ও উসুল পাওয়া যায়। বর্তমানে তো দাওয়াত ও ইসলাহ এবং আমর বিল মারুফ নাহি আনিল মুনকারের কোন খেয়ালই নেই। আর যারা দাওয়াতের কাজে লিপ্ত আছে, তারা শুধু বহাছ-মুনাযারা, তর্ক-বিতর্ক, প্রতিপক্ষকে অভিযোগ করা, কথায় আটকানো এবং তাকে অপমান করাকেই দাওয়াত বানিয়ে নিয়েছে। যা সুন্নতের খেলাফ হওয়ার কারণে কখনই প্রভাব বিস্তারকারী ও উপকারী হয়না। তারা মনে করে আমরা ইসলামের অনেক খেদমত করে ফেলেছি। বাস্তবে তারা মানুষকে দূরে সরানোর কারণ হয়ে দাঁড়িয়েছে।

উক্ত আয়াতের তাফসীর থেকে জানা যায় যে, ইসলামের আসল উদ্দেশ্য হলো, আল্লাহর দিকে দাওয়াত দেয়া। আর এই দাওয়াতের মূলনীতি দুইটি - হেকমত এবং মাওয়ায়েযে হাসানা। তর্ক যদি করতে বাধ্য হয় তাহলে সেখানে 'আহসান' তথা উত্তম পন্থায় করার শর্তসহ জায়েজ বলেছেন। কিন্তু এটি দাওয়াতের কোন স্বতন্ত্র বিভাগ নয়, বরং এটি দাওয়াতের নেতিবাচক দিকেরই একটি প্রচেষ্টা; এক্ষেত্রে কুরআনে কারীমে بِالَّتِي هِيَ أَحْسَنُ এর শর্ত লাগিয়ে একথা বলে দিয়েছেন যে, দাওয়াত কোমলতার সাথে কল্যাণকামীতা ও সহমর্মিতার আগ্রহ নিয়ে হওয়া উচিৎ। সেইসাথে শ্রোতার অবস্থা অনুযায়ী স্পষ্ট দলিলের মাধ্যমে হওয়া উচিৎ। শ্রোতাকে তুচ্ছ-তাচ্ছিল্য করা থেকে পরিপূর্ণ বেঁচে থাকতে হবে।

এরপর দাওয়াত 'আহসান'(সর্বোত্তম) হওয়ার জন্য জরুরী হলো বিষয়টি বক্তার জন্য ক্ষতিকর না হওয়া। অর্থাৎ দাওয়াতের মধ্যে বদ-আখলাক তথা হিংসা, বিদ্বেষ, অহংকার, পদমর্যাদার লোভ ইত্যাদির মিশ্রণ থাকতে পারবে না, যা বাতেনি কবিরা গুনাহ। আর বর্তমানে খুব কম মানুষই আছে যারা বহাস, মুনাযারার মধ্যে এ সমস্ত খারাবী থেকে বেঁচে থাকতে পারে। অধিকাংশই বেঁচে থাকতে পারে না। ইমাম গাজালি রহ. বলেন: "যেমনিভাবে মদ পান করা সমস্ত খারাবীর মূল - নিজের আত্মিক খারাবী এবং বহু শারীরিক খারাবীর জন্ম দেয়, তেমনিভাবে তর্ক বিতর্কের মধ্যে যদি উদ্দেশ্য থাকে অপর পক্ষের উপর বিজয়ী হওয়া, নিজের ইলমকে অন্যের সামনে প্রকাশ করা, তাহলে এটাও অন্তরের সমস্ত খারাবীর মূল। কারণ এর দ্বারা অন্তরে

অনেক রোগ সৃষ্টি হয়। হিংসা, বিদ্বেষ অহঙ্কার, গিবত, অন্যের দোষ তালাশ করা, অন্যের দুঃখে খুশি হওয়া, অন্যে সুখে কষ্ট পাওয়া, সত্য গ্রহণে অহঙ্কার প্রদর্শন ইত্যাদি গোনাহের সৃষ্টি হয়। এছাড়াও এই জাতীয় রোগে আক্রান্ত লোকেরা অপরপক্ষের কথায় চিন্তা-ফিকির বাদ দিয়ে পাল্টা উত্তর দেয়ার চেষ্টায় লিপ্ত হয় - তাতে কুরআন হাদীসের যত তাবীলই করা লাগুক না কেন, তাই করে বসে। এটা তো এমন ধ্বংসাত্মক বিষয় যাতে মর্যাদাবান আলেমরাও লিপ্ত হয়ে পড়ে, এরপর বিষয়টি যখন তাদের অনুসারীদের পর্যন্ত পৌঁছে তখন তা ঝগড়া-
ফাসাদ ও মারামারির রুপ ধারণ করে। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাযিউন।

আল্লাহ তা'আলা বলেন

إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ بِمَن ضَلَّ عَن سَبِيلِهِ وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ

অর্থ: নিশ্চয় আপনার পালনকর্তাই ঐ ব্যক্তি সম্পর্কে বিশেষ ভাবে জ্ঞাত রয়েছেন, যে তাঁর পথ থেকে বিচ্যুত হয়ে পড়েছে এবং তিনিই ভাল জানেন তাদেরকে, যারা সঠিক পথে আছে। সুরা নাহল ১৬:১২৫

ইমাম রাজি রহ. এই আয়াতের অধীনে বলেন: এই আয়াতের উদ্দেশ্য হলো তোমরা শুধু এই তিন তরীকায় দাওয়াত দেয়ার জন্য আদিষ্ট। মানুষের হেদায়াত দেয়া তোমাদের কাজ নয়। আল্লাহই ভালো জানেন কে গোমরাহ, আর কে হেদায়াত গ্রহণকারী। আমার মতে নফস বা অন্তর সত্তাগতভাবে বিভিন্ন ধরণের হয়। প্রথমত কিছু নফস বা অন্তর নূরে পরিপূর্ণ ও পাক পবিত্র, যা বস্তুর দিকে কম ধাবিত হয়, আর রুহানিয়াতের দিকে বেশি ধাবিত হয়। আর কিছু অন্তর অন্ধকারে পরিপূর্ণ - যা বস্তুর প্রতি আগ্রহী বেশি, আর রুহানিয়াতের দিকে ধাবিত হয় কম। সুতরাং যার অন্তরাত্মা যেমন সে তার বিপরীতটা খুব কমই গ্রহণ করে। এজন্য আল্লাহ তা'আলা বলেন - তোমরা তিন তরীকায় দাওয়াত দাও। আর সব মানুষের হেদায়াতের পিছনে পরে থেক না। আল্লাহ পথভ্রষ্টদের গোমরাহি এবং পবিত্র অন্তরের পবিত্রতা সম্পর্কে ভালো জানেন। শায়খ আব্দুল্লাহ আযযাম রহ. বলেন: আমর বিল মারুফ নাহি আনিল মুনকারের জন্য মানুষের সাথে মুহাব্বত সৃষ্টিকারী লোকের প্রয়োজন। এমন লোক যার মন বড় ও জবান পবিত্র। কোন মুসলমানকে কোন খারাপ কাজ করতে দেখলে একথা বলবেনা যে, আমি তোমাকে আল্লাহর জন্য ঘৃণা করি, কারণ তুমি এই এই খারাপ কাজ কর। আল্লাহর ওয়াস্তে তোমরা এই পদ্ধতি অবলম্বন করো না। বরং তাকে এভাবে বল; আমি তোমাকে আল্লাহর জন্য ভালোবাসি, কিন্তু তোমার অমুক কাজটা খারাপ, তা পরিত্যাগ করা উচিৎ।

শহীদে উম্মাত শায়খ উসামা বিন লাদেন রহ. তাঁর একটি চিঠিতে লিখেছেন: জিহাদি মিডিয়ায় এমন শব্দ, বাক্য ও কথা, বলা এবং লেখা থেকে বিরত থাকতে হবে যা একজন মুসলমানের শানের খেলাফ। যে কোন মুসলমানের সাথেই ঘৃণা, গালিগালাজ, ভাষার ভুল ব্যবহার উচিৎ নয়। মিডিয়ায় লেখা বা বলার সময় শরয়ী নীতিমালার প্রতি লক্ষ্য রাখা জরুরী। এ বিষয়টি দেখতে হবে যে, আমাদের এই কথা দ্বারা জিহাদের ফায়দা হবে? না ক্ষতি হবে? আপনারা খুব ভালো করেই জানেন যে, মুজাহিদদের জন্য এ বিষয়টির প্রতি লক্ষ্য রাখা কত জরুরী। আমার খেয়াল হলো এখনই আমাদের সমস্ত মিডিয়াগুলোকে কঠোরভাবে তদারকি করতে হবে। কারণ এই মিডিয়াই উম্মত পর্যন্ত আমাদের আওয়াজ পৌঁছায় এবং উম্মতের সাথে আমাদের সম্পর্কের একমাত্র মাধ্যম। এই মিডিয়াই আমাদেরকে উম্মতের সামনে তুলে ধরে। এজন্য জরুরী হলো আমাদের মিডিয়া উম্মতের বুঝ অনুযায়ী হবে এবং তাদের দুঃখ-দুর্দশায় সহানুভূতি জানাবে। তেমনিভাবে আরেকটি বিষয় মিডিয়ার ভাইদের জন্য জরুরী, তাদের প্রকাশনাগুলো যেন সাধারণ মানুষকে কেন্দ্র করে হয়। উম্মাহকে অন্ধকারের গভীরতা থেকে বের করে নিয়ে আসার ফিকির তাদের মধ্যে থাকতে হবে।

মুজাহিদ আলেমে দ্বীন শায়েখ আতিয়াতুল্লাহ রহ.বলেন: মুজাহিদ নেতাদের জন্য জরুরী হলো নিজেরা এই গুণ অর্জন করবে, এবং নিজ সাথীদেরকে এমন তরবিয়ত করবে যে, তারা যেন মানুষের উপর দয়াকারী ও সহজকারী হয়। তাদের ভুল-ত্রুটি ও অন্যায় দেখে শাস্তি, হত্যা ও প্রতিশোধের হুমকি প্রদানকারী না হয়। বরং কোমলতা ও নমনীয়তার সাথে ধীরে ধীরে সংশোধনের চেষ্টা চালিয়ে যাবে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখনই কোন জামাত পাঠাতেন বা কাউকে কোন দলের আমীর বানাতেন তখনই নসিহত করতেন:

يسِّروا ولا تعسِّروا، وبشِّروا ولا تنفِّروا متفق عليه

"তোমরা সহজ কর, কঠিন কোরো না। সুসংবাদ দাও, দূরে সরিয়ে দিও না"। (বুখারী মুসলিম)

আমরা কি কখনও এটা নিয়ে চিন্তা করেছি? এর উপর আমল করেছি? আল্লাহ এ সমস্ত উলামায়ে কেরাম ও জিহাদের নেতাদেরকে সমস্ত উম্মতের পক্ষ থেকে যথাযথ প্রতিদান দান করুন। এবং আমরা যেন সুন্নত অনুযায়ী দাওয়াতের কাজ করতে পারি সে তাওফিক দান করুন। আমীন

প্রিয় ভাইয়েরা আমার!
আমরা মুজাহিদগণ দ্বীন ও জিহাদের দা'য়ী। জিহাদও আমাদের ময়দান, একই সাথে দাওয়াতও আমাদের ময়দান। যে সমস্ত শক্তিধর ব্যক্তিরা অস্ত্র দিয়ে আমাদের উপর কুফুরী শাসনব্যবস্থা চাপিয়ে দিয়েছে, তাদের বিরুদ্ধে আমরা অস্ত্র নিয়ে ময়দানে আছি, এবং মুসলিম জাতিকে আমাদের সাথে জিহাদে শরীক হওয়ার প্রতি আহবানও জানাচ্ছি। জিহাদের ময়দানের চাহিদা ভিন্ন, আর দাওয়াতের নিয়মনীতিও ভিন্ন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিহাদের ময়দানে কঠোরতা করেছেন, রক্ত প্রবাহিত করেছেন, হত্যা করা ও নিহত হওয়ার প্রতি উদ্বুদ্ধ করেছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সীরাত সাক্ষী যে, দাওয়াতের ক্ষেত্রে তাঁর তরীকায় কোনো কঠোরতা নেই বরং কোমলতা। কারণ হলো দাওয়াত ও জিহাদ উভয়টির মাধ্যম, পদ্ধতি ও টার্গেট ভিন্ন ভিন্ন। জিহাদের মধ্যে শক্তিকে শক্তির মাধ্যমে দমন করতে হয়। অস্ত্র বহন করা, রক্ত প্রবাহিত করা, শরীরের অঙ্গ উড়িয়ে দেয়া টার্গেট হয়। এজন্য জিহাদে অত্যন্ত কঠোরতা দরকার। জিহাদ তো এই কঠোরতারই নাম, এটা ব্যতিত জিহাদ জিহাদই থাকে না। আর এখানে কঠোরতার মধ্যেই সাওয়াব।

এটা ভিন্ন কথা যে, শরীয়ত এক্ষেত্রেও সীমারেখা ও আদাবের উল্লেখ করেছে। কিন্তু এটি কঠোরতারই ময়দান। এখানে প্রভাব বিস্তারের জন্য কঠিন শব্দ, কঠোর আচরণ জরুরী। কিন্তু এই কঠোরতা যদি দাওয়াতের ক্ষেত্রে চলে আসে, এখানেও যদি কথা ও ভাব এমন গ্রহণ করা হয় যে, যাতে শ্রোতার মন-মস্তিষ্ক উদ্বুদ্ধ না হয়ে, বরং হিংসা, শত্রুতা, প্রতিশোধের প্রতি ধাবিত হয়, তাহলে এর দ্বারা দাওয়াতের উদ্দেশ্যই নষ্ট হয়ে যায়। জিহাদি আন্দোলনের দুর্ভাগ্যই হবে যদি জিহাদের পদ্ধতি দাওয়াতের ক্ষেত্রে প্রয়োগ শুরু হয়। একদিকে জিহাদ অন্তরের রাগ-গোস্বা দমনের জায়গা। সেখানে আক্রমণ করে জালিম অহংকারীদের মস্তিষ্ক চূর্ণ করা হয়। আর তাদের বস্তুগত শক্তি খতম করে তাদের যুদ্ধ করার শখ মিটিয়ে দেয়া হয়।

অন্যদিকে দাওয়াতের বিষয়টা সম্পূর্ণ ভিন্ন। এখানে রাগ ও গোস্বা প্রকাশ না করে বরং দমন করা হয়। শ্রোতাকে নিচু করা অপমান করা মূল উদ্দেশ্য না। তাকে আগ্রহী করা, নিকটবর্তী করা, তার মনে জায়গা করা হল উদ্দেশ্য। দলিলভিত্তিক আলোচনা, ধৈর্য, সহনশীলতা, ক্ষমা,

কোমলতা, এহসান ও দয়াই হলো দাওয়াতের ময়দানের চাহিদা। দাওয়াতের ময়দানে জরুরী হলো নিজে যথাযথ আমল করবে। কিন্তু শ্রোতাকে হক বুঝানো, হক বুঝার যোগ্য হওয়া ও গ্রহণীয় হওয়ার জন্য (শরীয়তের সীমার মধ্যে থেকে) যথেষ্ট চেষ্টা করবে। এই কারণে দাওয়াতের মধ্যে সুন্দর সুন্দর কথা, সুন্দর তরীকার প্রতি লক্ষ্য রাখা হয়। শ্রোতা যদি শত্রুতা ও বিরোধিত-ার প্রকাশ করে তাহলে দাঈ শত্রুতা করবে না, বরং সে (সর্বোত্তমভাবে মুনাযারা) এর উপর আমল করবে। ঝগড়া- ফাসাদের জায়গায়ও তাকে এই আয়াত রাস্তা দেখায়। ভালো খারাপ এক হতে পারে না। আপনি শক্ত কথার জবাব এমনভাবে দিবেন যা খুব ভালো। এমন করার দ্বারা দেখবেন যে, যার সাথে শত্রুতা ছিলো সে কেমন যেন অন্তরঙ্গ বন্ধু হয়ে গেছে। আর ধৈর্যশী-লরাই এটা অর্জন করতে পারে, ভাগ্যবানদেরই এটি অর্জিত হয়। সুতরাং প্রচণ্ড বাকবিতন্ডার মধ্যেও দাঈর দৃষ্টি দলিল থেকে সরে না। এই অবস্থায়ও সে সুন্দর কথা সুন্দর ব্যবহার করে, খারাপ আচরণ থেকে নিজেকে বাঁচিয়ে রাখে। এমনিতেই যখন খারাপ আচরণের জবাব ভালো আচরণ দ্বারা দেয়া হয়, বাড়াবাড়ির জবাব ক্ষমা, ইনসাফ ও দয়া দ্বারা দেয়া হয়, তখন শ্রোতার পাথরের মত শক্ত অন্তরও মোমের মত গলে যায়। শত্রুতার আগুন ঠান্ডা হয়ে যায়। এভাবেই দাঈর জানের দুশমনও তার রক্ষক হয়ে যায়।

দাঈর সফলতা অর্জনে তিনটি বিষয় ঠিক রাখা জরুরী।

১) ঐ দৃষ্টিভঙ্গি বা আকীদা-বিশ্বাস যার দিকে সে দাওয়াত দিচ্ছে।
২) দাঈর কথা ও কাজ তার দাওয়াত অনুযায়ী থাকা।
৩) দাওয়াতের পদ্ধতির মধ্যে সে কোন আখলাকের সাথে দাওয়াত দিচ্ছে।

এমনিতেও এই তিনটি বিষয় পরস্পর একটি আরেকটির সাথে মিল আছে। কারণ দৃষ্টিভঙ্গি যা হবে, ফিকির ও আমলের তরীকায়ও তারই প্রভাব পড়বে, তারই ঘ্রাণ দাওয়াতের মধ্যেও পাওয়া যাবে। কিন্তু কিছু জায়গায় এর ব্যতিক্র-মও হতে পারে। যেমন ফিকির ও প্রভাব ভালো কিন্তু দাওয়াতের মধ্যে কঠোরতা থাকে। সুতরাং দাঈর ফরজ তখনই আদায় হবে, যখন এই তিনটি বিষয় বাড়াবাড়ি ছাড়াছাড়ি থেকে মুক্ত হবে। এমন যদি হয় তাহলে দাঈ আল্লাহর কাছে কামিয়াব হবে, আল্লাহ যদি চান তাহলে তার দাওয়াত কার্যকর হয়ে শ্রোতাদের অন্তরে প্রবেশ করবে। এর বিপরীতে দাঈ যদি এমন তরীকা অবলম্বন করে, যা তার দাওয়াতের সাথে মিলে না - তাহলে সে নিজের ধারণায় যদিও হকের দাওয়াত দিচ্ছে, কিন্তু তরীকা সুন্নত অনুযায়ী না হওয়ার কারণে, তার শক্ত ব্যবহারের কারণে খুব কম মানুষই ফায়দা পাবে। এই ধরণের দাওয়াত মানুষের থেকে দূরে সরে যাওয়ার কারণ হয়। কোন দাওয়াত ব্যর্থ হওয়ার জন্য এটিই যথেষ্ট যে, দাওয়াত প্রদানকারী নিজেই দাওয়াতের জন্য লজ্জার কারণ হয়ে দাড়ায়।

আল্লাহ তা'আলা বলেন

يَا أَيُّهَا الْمُدَّثِّرُ قُمْ فَأَنذِرْ وَرَبَّكَ فَكَبِّرْ وَثِيَابَكَ فَطَهِّرْ وَالرُّجْزَ فَاهْجُرْ وَلَا تَمْنُن تَسْتَكْثِرُ وَلِرَبِّكَ فَاصْبِرْ

অর্থ: হে কম্বল আবৃতকারী! উঠুন এবং ভয় দেখান। এবং আপনার প্রভুর বড়ত্ব বর্ণনা করুন। আর আপনার কাপড় পবিত্র রাখুন, অপবিত্রতা থেকে দূরে থাকুন, দয়া করে বিনিময় বেশি আশা করবেন না। এবং আপনার প্রভুর জন্য ধৈর্য ধারণ করুন। (সুরা মুদ্দাসসির ৭৪:১-৭)

মুমিনের জন্য নিজের কথাবার্তার সংশোধন খুব জরুরী। কারণ কথাবার্তার সংশোধনের মাধ্যমেই অন্তর ও আমলের সংশোধন হয়। এজন্য আল্লাহ তা'আলা নিজের বান্দাদেরকে খুব সুন্দর ভাষায় কথা বলার আদেশ করেছেন। আল্লাহ তা'আলা বলেন:

وَقُل لِّعِبَادِي يَقُولُواْ الَّتِي هِيَ أَحْسَنُ

অর্থ: আমার বান্দদেরকে বলে দেন তারা যেন মানুষের সাথে খুব সুন্দরভাবে কথা বলে। সুরা বনী-ইসরাঈল ১৭:৫৩

আল্লাহ তা'আলা মুমিনদেরকে কথা বলার ক্ষেত্রে ইনসাফ ও ভদ্রতা বজায় রাখতে বলেছেন, কথায় যাতে জুলুম না থাকে।

আল্লাহ মুমিনদেরকে আদেশ করেছেন وَإِذَا قُلْتُمْ فَاعْدِلُواْ

অর্থ: যখন তোমরা কথা বল তখন ইনসাফের সাথে বল। সুরা আন'য়াম ৬:১৫২

তাই আমরা যখন কথা বলবো তখন ইনসাফের সাথে বলবো। এই দ্বীনের দাঈর গুণ বর্ণনা করা হয়েছে এভাবে যে, সে এই ঘোষণা দেয়; কেউ এই দ্বীনের চাহিদা পূরণ করুক বা না করুক আমিই সবার পূর্বে পূরণ করব। আল্লাহ তা'আলা বলেন:

قُلْ إِنَّ صَلاَتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلّهِ رَبِّ الْعَالَمِينَ لاَ شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَاْ أَوَّلُ الْمُسْلِمِينَ

অর্থ: আপনি বলুনঃ আমার নামায, আমার কোরবানি এবং আমার জীবন ও মরন বিশ্ব-প্রতিপালক আল্লাহরই জন্যে। তাঁর কোন অংশীদার নেই। আমি তাই আদিষ্ট হয়েছি এবং আমি প্রথম আনুগত্যশীল। সুরা আন'য়াম ৬:১৬২-১৬৩

সুতরাং দাঈ সর্বদা চেষ্টা করবে নিজের ফিকির ও মানহাজও যেন সুন্নত অনুযায়ী হয়। কর্ম ও দাওয়াতের পদ্ধতিও যেন সুন্নত অনুযায়ী হয়। যেই হকের দাওয়াত দিচ্ছে তার কাজের মধ্যে তার নমুনা যেন পাওয়া যায়। আর তার দাওয়াতের মধ্যেও যেন সর্বদা তার ঘ্রাণ পাওয়া যায়। ফিকির ও আমলের মানহায এবং কর্ম ও দাওয়াতের পদ্ধতি যদি হক ও এক হয় তখন দাওয়াতে সফলতা আসবে ইনশা আল্লাহ।

জিহাদের দাঈ কখন নিরাপদ থাকে

জিহাদের দাঈ যেই বিপদ ও নিরাপত্তাহীনতার মধ্যে থাকে, খুব কম মানুষই এমন বিপদের মধ্যে থাকে। মাধ্যম, অস্ত্র, সংখ্যা সবদিক থেকেই নিজের থেকে অনেক বেশি শক্তিশালী শত্রুর মোকাবেলা করতে হয়। অনেকসময় যাদেরকে শত্রুর মোকাবেলায় নিজের সাথে রাখতে চায় তারাই বিরোধিতা শুরু করে, তখন খুব ধৈর্য ও হেকমতের প্রয়োজন হয়। তাছাড়া জিহাদের সফরে পদে পদে এমনসব বিষয় উপস্থিত হয়, যেখানে সামান্য ভুলও বড় ধরণের বিপদের কারণ হয়ে দাড়ায়। অনেকসময় জযবা হুশের উপর প্রাধান্য বিস্তার করে থাকে। এধরনের পরিস্থিতিতে আল্লাহর দয়া না থাকলে দাঈ ও মুজাহিদ সঠিক রাস্তা থেকে সরে যেতে পারে, এবং নিজেই জিহাদের দাওয়াতের জন্য ক্ষতিকর প্রমাণিত হতে পারে। এই ক্ষতি থেকে দাঈ তখন বাঁচতে পারে যখন তার ফিকির ও মানহাজ সুন্নত অনুযায়ী হবে। তার কাজ-কর্ম ও দাওয়াত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সাহাবায়ে কেরাম ও সালাফে সালেহিনের মত হবে। আর এটা তো তখন হবে যখন সে সুন্নতের অনুসরণের জন্য আন্তরিকভাবে চেষ্টা করবে, এবং এই ভয় করবে যে, আল্লাহ না করুন আমার কোন ত্রুটির কারণে আমার থেকে হেদায়াত ছিনিয়ে না নেয়া হয়।

এই নেয়ামতকে সিনার সাথে লাগানোর মাধ্যম হলো উলামায়ে কেরামের অনুসরণ ও নেককারদের সোহবত। দ্বীনের দা'ঈর ফিকির ও মানহাজ তখনই হেফাজতে থাকবে যখন এমন উলমায়ে কেরাম থেকে নিজের দ্বীনকে গ্রহণ করবে যাদের তাকওয়া-আখলাক, ইলম-ইনসাফ, ফিকহ-বুঝ, অভিজ্ঞতা ও সুস্থ রুচিসম্পন্ন হওয়া অন্যান্য উলমায়ে কেরামের নিকট স্বীকৃত। তারা স্বজনপ্রীতি, প্রতিশোধ, রাগ বা নফসের চাহিদা অনুযায়ী ফতোয়া দেবে না, বরং কথা ও কাজে আল্লাহর ভয় প্রকাশ পাবে। তারা শরয়ী নীতিমালার উপর পারদর্শী হবে। আর এইসব গুণ ঐ সকল আলেমদের মাঝেই পাওয়া যাবে, যারা জিহাদের গুরুত্বপূর্ণ বিষয়ে নিজের ইজতেহাদ অনুযায়ী ফতোয়া দেয় না। বরং এক্ষেত্রে নিজের থেকে ভালো অগ্রগামী আলেমদের অনুসরণ করে এবং সমসাময়িক আলেমদের সাথে পরামর্শ করে। এমন উলামায়ে কেরাম আজও বিদ্যমান আছে। যদি জিহাদের দাঈ নিজের ফিকির, কাজ-কর্ম ও দাওয়াতের পদ্ধতিতে এই উলামায়ে কেরামের অনুসরণ করে তাহলে আশা

করা যায় আল্লাহ তাকে গোমরাহ করবেন না। এবং সে দ্বীন ও জিহাদের খেদমতও করতে পারবে। এখানে একথাটিও বলে দিই - ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের বিগত তিন দশকের সফলতা ও জিহাদী অভিজ্ঞতা হোক, অথবা খোরাসান থেকে ইয়েমেন, মালি বা শাম পর্যন্ত ছড়িয়ে পড়া বৈশ্বিক জিহাদী অভিজ্ঞতা হোক, এই সকল অভিজ্ঞতা উম্মতকে খুব দামি একটি সবক দিয়েছে। সেটি হচ্ছে হক উলামায়ে কেরামের অনুসরণেই প্রকৃত কল্যাণ নিহিত। উম্মতের প্রয়োজনীয় সকল বিষয়ে - এমনকি গুরুত্বপূর্ণ জিহাদি বিষয় সম্ভবত একটিও এমন নেই, যে বিষয়ে জিহাদি নেতারা বিচক্ষণতার সাথে সমাধান দেননি। সুতরাং আমরা যদি এই উলাময়ে কেরাম ও জিহাদের নেতাদের দরসগুলো থেকে সবক নিতে থাকি তাহলে এই সফর খুব ভালোভাবে হেফাযত থাকবে এবং বারবার ধাক্কা খাওয়া লাগবে না ইনশাআল্লাহ।

১ম পর্ব সমাপ্ত।

চলবে...



প্রত্যেক প্রাণীকে মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে

মূল- শহীদ মুফতি মুহাম্মাদ ইশতিয়াক আ'যমী রহিমাহুল্লাহ
অনুবাদ- মাওলানা আশরাফ আলি

সম্মানিত ভাইয়েরা আমার!

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

আজ এক ভাই আমার কাছে অপর এক ভাইয়ের মৃত্যুর সংবাদ নিয়ে এসেছিলেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) নিঃসন্দেহে আমরাও একদিন আল্লাহর ডাকে সাড়া দিয়ে চলে যাব।

ভায়ের মর্মান্তিক মৃত্যুতে আমি অত্যন্ত মর্মাহত। মনে হচ্ছে আমরা যেন একজন সর্বজন শ্রদ্ধেয় অভিভাবককে হারালাম। তাঁর অভিভাবক সুলভ আচরণে আমি অত্যন্ত মুগ্ধ হতাম। আমার সন্তানেরা যখন হযরতের দরবারে যেত, তখন আমি নিশ্চিন্তে থাকতাম। আফসোস, তিনি আজ আমাদের মাঝে নেই। হযরতের ছায়া আমাদের মাথার উপরে দীর্ঘায়িত না হওয়ায় আমরা খুব দুঃখিত। আমরা ধারণাও করতে পারিনি, তিনি আমাদেরকে বিদায়ের যন্ত্রণা দিয়ে এত দ্রুত দুনিয়া থেকে চলে যাবেন। হযরতের কাফন-দাফনে শরিক হতে না পেরে আমি খুব আফসোস করছি। তাঁর বিদায়ে আপনাদের মতো আমিও দুঃখিত। আল্লাহর কাছে দু'আ করি তিনি যেন হযরতের উপর রহম করেন। তাঁর ছোট-বড় সমস্ত গুনাহকে ক্ষমা করে দেন, তাঁর কবরকে প্রশস্ত করে দেন। তাঁর ভুল-ত্রুটি ক্ষমা করে জান্নাত দান করেন। আর তাঁর বিরহে আমাদেরকে ধৈর্য ধারণ করার তৌফিক দান করেন। আমিন।

সুতরাং, মানুষের জীবনের মেয়াদ এই শেষ নিশ্বাস পর্যন্ত। এই চিরন্তন সত্যকে কেউ অস্বীকার করতে পারে না। আল্লাহ তা'আলা প্রত্যেক প্রাণীর ভাগ্যে মৃত্যুকে লিখে পাঠিয়েছেন। আল্লাহ তা'আলা বলেন :

كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ-

প্রত্যেক প্রাণীই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে। (সূরা আনকাবুত ২৯:৫৭)

আমরা যদি একটু খেয়াল করি তাহলে দেখব, আজ কারো পিতা মারা গেছে, আগামীকাল কারো ছেলে মারা যাবে, আগামী পরশু কারো আম্মা মারা যাবে, কিছু দিন পূর্বে হয়তো কারো ভাই মারা গেছে। এরকম ভাবে একদিন আমাদের নিজেদের মৃত্যুর পালা এসে যাবে।

এই কঠিন বাস্তবতাকে নিয়ে কে ভাবে? এই বাস্তবতাকে যে বুঝতে পারে, সে মৃত্যুর প্রস্তুতি গ্রহণ করে এবং চিন্তা করে এই দুনিয়ার সফর থেকে আমাকে একদিন ফিরে যেতে হবে। দুনিয়া তার কাছে একটা চলন্ত রেলের বগি। তাই সে দুনিয়াতে বাড়ি, মূল্যবান আসবাবপত্র তৈরির জন্য ছুটে বেড়ায় না। দুনিয়াবি কাজের জন্য মূল্যবান সময় নষ্ট করে না। দুনিয়ার নাজ-নেয়ামত যেগুলোকে আল্লাহ পরীক্ষার জিনিস হিসেবে দিয়েছেন, সেগুলোর পিছনে সময় নষ্ট করে না। কারণ তার জানা আছে, তার জন্য বরাদ্দকৃত সময় অত্যন্ত অল্প ও মূল্যবান। এটাও জানে এই সময়ের ব্যাপারে সে জিজ্ঞাসিত হবে। 'তুমি যৌবন কাল কোথায় অতিবাহিত করেছ'? 'তোমার কামাইকৃত সম্পদ কোথায় খরচ করেছ'? 'এই কিছু সময় তোমাকে দেওয়া হয়েছিল, এই সময়কে কোথায় ব্যয় করেছ'? এগুলোর উত্তর না দেয়া পর্যন্ত হাশরের মাঠে ছাড়া পাবে না।

আসল কথা হল:-
আল্লাহ তা'আলা মানুষকে পরীক্ষা করার জন্য সময় দিয়ে সুযোগ দিয়েছেন। যাতে করে ভাল আমল দ্বারা পরবর্তী জীবনের প্রস্তুতি নেয়। কারণ ইহকালের ভাল আমলের দ্বারা পরকালে ভাল ফলাফল পাওয়া যাবে। আর খারাপ আমলের দ্বারা পরকালের ফলাফল খারাপ হবে। আল্লাহ তা'আলা মানুষের জীবনের উদ্দেশ্য সম্পর্কে বলেন:

الَّذِىْ خَلَقَ الْمَوْتَ وَ الْحَيٰوةَ لِيَبْلُوَكُمْ اَيُّكُمْ اَحْسَنُ عَمَلًا وَ هُوَ الْعَزِيْزُ الْغَفُوْرُ-

যিনি সৃষ্টি করেছেন মরণ ও জীবন, যাতে তোমাদেরকে পরীক্ষা করেন-কে তোমাদের মধ্যে কর্মে শ্রেষ্ঠ? তিনি পরাক্রমশালী, ক্ষমাময়।(সূরা মুলক ৬৭:২)

আমার সম্মানিত ভাইগণ!

বুদ্ধিমান হল সেই, যে চিরস্থায়ী জীবনের বাস্তবতাকে অনুধাবন করে। যদিও অনেক সময় সাধারণ মানুষ তাকে পাগল বলে মনে করে। মোটকথা জ্ঞানী লোকেরা পরকালের চিরস্থায়ী দুর্ভোগের কথা চিন্তা করে সাধারণ জীবন-যাপন করে। কারণ সে জানে দুনিয়ার ভালো আমল ছাড়া পরকালে অন্য কোনো কিছু উপকারে আসবে না। সে দিন পিতা-মাতা, ছেলে-মেয়ে, ভাই-বোন সবাই একে অপর থেকে দূরে সরে যাবে। কেউ কারো কথা চিন্তা করবে না। সবাই 'নফসি' 'নফসি' করবে। এমন বিভীষিকাময় পরিস্থিতির সম্পর্কে আল্লাহ বলেন :-

فَإِذَا جَاءَتِ الصَّاخَّةُ ﴿33﴾ يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ أَخِيهِ ﴿34﴾ وَأُمِّهِ وَأَبِيهِ ﴿35﴾ وَصَاحِبَتِهِ وَبَنِيهِ ﴿36﴾

অতঃপর যেদিন কর্ণবিদারক নাদ(অর্থাৎ কিয়ামত) আসবে, (তখন পথভ্রষ্টতা-র পরিণাম বুঝতে পারবে) (৩৩) সেদিন পলায়ন করবে মানুষ তার ভ্রাতার কাছ থেকে, (৩৪) তার মাতা, তার পিতা, (৩৫) তার পত্নী ও তার সন্তানদের কাছ থেকে(অর্থাৎ কেউ কারো প্রতি সহানুভূতি দেখাবে না) (৩৬)। (সূরা আবাসাঃ ৩৩-৩৬)

সুতরাং, যখন কিয়ামতের ভয়াবহ পরিস্থিতি সামনে আসবে তখন লোকেরা নিজের ভাই, পিতা, মাতা, বিবি এবং নিজের ছেলে থেকেও দূরে সরে যাবে। কিয়ামতের দিন সকলের ফিকির থাকবে যে, তার আমলনামা সামনে থেকে ডান হাতে দেওয়া হবে, না কি পিছন থেকে বাম হাতে দেওয়া হবে। আল্লাহ তা'আলা কুরআনে বলেন :-

فَاَمَّا مَنْ اُوْتِيَ كِتٰبَه بِيَمِيْنِه-فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَّسِيْرًا-اِنَّه كَانَ فِيْ اَهْلِه مَسْرُوْرًا-اِنَّه ظَنَّ اَنْ لَنْ يَّحُوْرَ

অনন্তর যার আমলনামা তার ডান হাতে প্রদান করা হবে। তবে তার থেকে সহজ হিসাব নেওয়া হবে। এবং সে তার পরিজনের নিকট সানন্দে ফিরে আসবে। আর যাকে তার আমলনামা পশ্চাৎ দিক দিয়ে প্রদান করা হবে। ফলে সে মৃত্যুকে ডাকতে থাকবে। এবং দোজখে প্রবেশ করবে। এই ব্যক্তি (দুনিয়ায়) স্বীয় পরিজনের মধ্যে সানন্দে ছিল। সে ভেবেছিল যে, তাকে (আল্লাহর সমীপে) কখনো প্রত্যাবর্তন করতে হবে না। (সূরা ইনশিকাক ৭-১৪)

এখন আমাদেরকে নিজের হিসাব নিজেই মিলাতে হবে। দেখতে হবে আমরা কতজন মৃত্যু এবং পরকালের চিরস্থায়ী জিন্দেগির কথা চিন্তা করে প্রস্তুতি গ্রহণ করছি? হযরত ওমর রাদিয়াল্লাহু আনহু বলেন -

حَاسِبُوْا قَبْلَ اَنْ تُحَاسِبُوْا

তোমার হিসাব নেওয়ার পূর্বেই তুমি তোমার হিসাব করে নাও।
অর্থাৎ মৃত্যু আসার পূর্বেই নিজের হিসাব নিজে করে নাও। মৃত্যুর পরে নিজের হিসাব নিজে করতে পারবে না বরং তখন নিজের হিসাব দিতে হবে। সেসময় আমাদের আর কিছু করার থাকবে না। আল্লাহ বলেন :-

وَ لَنْ يُّؤَخِّرَ اللّٰهُ نَفْسًا اِذَا جَآءَ اَجَلُهَا، وَ اللّٰهُ خَبِيْرٌ بِمَا تَعْمَلُوْنَ

প্রত্যেক ব্যক্তির নির্ধারিত সময় যখন উপস্থিত হবে, তখন আল্লাহ কাউকে অবকাশ দেবেন না। তোমরা যা কর, আল্লাহ সে বিষয়ে খবর রাখেন। (সূরা আল-মুনাফিকুন ১১)

মানুষ সব সময় মৃত্যুর বিষয়ে গাফেল থাকে। পরকালকে নিয়ে চিন্তা করে না। কিছুদিন পরে দেখা যায়, তাকে একটা সাদা চাদরে করে সাধারণ ভাবে মাটির নিচে রাখা হচ্ছে। তারপরেও কেন মানুষ এই দুনিয়ার প্রতি আকৃষ্ট হয়? কেন এই দুনিয়া নামের যাত্রীবাহী রেলের বগিতে জিনিসপত্র গোছায়? কেন এই দুনিয়ার ধোঁকার মধ্যে সন্তানদেরকে পরীক্ষায় ফেলে? কেন এই দুনিয়ার আগুনে ফেলে তাদেরকে পরীক্ষা করায়? এ ধরণের ব্যক্তিকে নসিহত করার জন্য আল্লাহ বলেন-

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا قُوْۤا اَنْفُسَكُمْ وَ اَهْلِيْكُمْ نَارًا

হে মুমিনগণ! তোমরা নিজেদেরকে ও তোমাদের পরিজনকে আগুন থেকে রক্ষা কর। (সূরা তাহরীম ৬৬:৬)

তাদের কথা-বার্তা থেকে মনে হয়, তারা বলতে চায় - যারা নিজের সন্তানকে আল্লাহর রাস্তায় কুরবানি করে, অতঃপর সন্তানেরা এই রাস্তায় অবিচল থেকে আখেরাতের রাস্তাকে সহজ করে নেয় এবং দুনিয়ার ক্ষণস্থায়ী আরাম ত্যাগ করে আখেরাতের চিরস্থায়ী শান্তি খুঁজে বেড়ায় - তারা বোকা।

আমার মুহতারাম ভাইগণ!
আল্লাহ তা'আলা মুসলমানদেরকে নেতৃত্বের যোগ্য বা হকদার বানিয়ে পাঠিয়েছেন। কিন্তু মুসলমানরা নিজেদের কাজ ছেড়ে কাফেরদের গোলামি করে নিজেদেরকে বরবাদ করছে। আসলে আমরা জীবন ও মৃত্যুর আসল উদ্দেশ্য বুঝতে পারি নাই। আল্লাহর কাছে দু'আ করি - তিনি যেন চিরস্থায়ী বাস্তবতাকে অনুধাবন করে, দুনিয়া এবং আখেরাতের যথাযথ আমল করার তওফিক দান করেন (আমিন)।

আমি মনে অত্যন্ত ব্যথা নিয়ে এই চিঠি লিখলাম। আমি আশা করি এই চিঠিটা শোক-সন্তপ্ত পরিবারের কাছে পাঠানো হবে। যাতে করে আমার পক্ষ থেকে সমবেদনা এবং নসিহত জানানো হয়। সবাইকে আমার পক্ষ থেকে সালাম। সবাই আন্তরিকতার সাথে মরহুমের জন্য দু'য়া করি, আল্লাহ যেন তাঁর উপর রহম করেন। এই ঘটনা থেকে শিক্ষা নিয়ে আল্লাহ যেন আমাদেরকে আখেরাতের পাথেও গোছানোর তাওফিক দান করেন। আমিন।

সকলের নিকট দুয়ার দরখাস্ত থাকলো। যদি আল্লাহ তাওফিক দান করেন তাহলে অচিরেই আমরা আখেরাতে একত্রিত হব ইনশাআল্লাহ।



পতনের দ্বারপ্রান্তে গণতান্ত্রিক ইসলামী আন্দোলন

১ম পর্ব

চরমোনাই
জামাত-শিবির ও
জমিয়ত-খেলাফতের

নয়টি সংশয়ের দালিলিক নিরসন

মূলঃ শাইখ আবু আব্দুর রহমান শানকিতি হাফিজাহুল্লাহ
অনুবাদঃ মুহাম্মাদ সালমান রুমী

পূর্বকথা: সমস্ত প্রশংসা আল্লাহ তা'আলার জন্য, যিনি আপন বান্দার ওপর কিতাব অবতীর্ণ করেছেন। এমন কিতাব যার দ্বারা জগত হয়েছে আলোকময়, সত্য হয়েছে উদ্ভাসিত। যে কিতাব দ্বারা তিনি অনুগত, প্রভু অভিমুখী বিশ্বাসী গোষ্ঠীকে পথনির্দেশ দিয়েছেন। আর যত অবিশ্বাসী, সংশয়-সন্দেহের আবর্তে পতিত গোষ্ঠীকে করেছেন পথভ্রষ্ট। রহমত ও শান্তি কামনা করছি আমাদের নেতা মুহাম্মদ ﷺ -এর জন্য, যিনি মাকবুল সুপারিশের অধিকার প্রাপ্ত। যিনি মাকামে মাহমুদ (জান্নাতের একটি বিশেষ মর্যাদা) এবং ঢেউ তোলা হাউজে কাউসারের অধিকারী। রহমত ও শান্তি কামনা তার পরিবার-পরিজন, সম্মানিতা স্ত্রী ও সাথীবর্গের জন্য। হামদ ও সালাতের পর, রাসুলুল্লাহ ﷺ ইরশাদ করেছেন:

"তোমাদের মাঝে আমি দুটি বিষয় রেখে যাচ্ছি, যতদিন তোমরা এ দুটিকে আঁকড়ে থাকবে, কখনোই পথভ্রষ্ট হবে না। বিষয় দুটি হলো ১. আল্লাহর কিতাব ও ২. তার নবীর সুন্নাহ। (মুয়াত্তা)

অতি আশ্চর্যের বিষয় হলো, আজ মুসলিম জাতি ওহীর অকাট্য প্রমাণাদি এবং দ্বীনের মৌলিক বিষয়াবলী গ্রহণ ও প্রত্যাখ্যানের প্রশ্নে দ্বিধাদ্বন্দ্বে ভুগছে। এগুলো সাধারণ আকর্ষণ-বিকর্ষণ ও অনুরাগ-বৈরাগ্যের বিষয়ে পরিণত হয়েছে। আজ মুসলিম জাতি বৈষয়িক স্বার্থের অবান্তর আশা ও অলীক কল্পনায় বুঁদ হয়ে নিজ রবের কিতাব এবং তাঁর রাসূলের সুন্নাহ থেকে বিমুখ। কোথায় আজ আল্লাহর অটুট রজ্জু আঁকড়ে থাকার আবশ্যকতা?! কোথায় আজ সর্বশেষ রাসূলের সুন্নাহকে দাঁত কামড়ে ধরে রাখার অপরিহার্যতা?!

বস্তুত আজ তারা এমন অসংখ্য ফেতনার ভেতরে বসবাস করছে, যার কোনট-ার ভয়াবহতার মাত্রা কোনটার চেয়ে কম নয়। এমনসব ফেতনা! যেখানে বিবেকবান দিশেহারা হয়ে পড়ে, জ্ঞানী উদভ্রান্ত হয়ে পড়ে। এ যুগে সে সকল ফেতনার মাঝে অন্যতম হলো গণতন্ত্র ও ব্যক্তি-স্বাধীনতা, যা মূলত প্রবৃত্তি পূজা ও সীমালঙ্ঘন ছাড়া আর কিছুই নয়। আর কেনই বা হবে না?!

এই গণতন্ত্র যে দ্বীনের মাঝে এক নব উদ্ভাবন
এই গণতন্ত্র যে কাফেরদের পথ ও পন্থার অনুসরণ
এই গণতন্ত্র যে মুসলমানদের মাঝে বিচ্ছেদ সাধন
এই গণতন্ত্র যে বিশ্বপ্রভূর বিরুদ্ধে বিদ্রোহ প্রদর্শন

এই গণতন্ত্র যে নির্বোধ ও মূর্খদের বিধানদাতা রূপে গ্রহণ। এ তো এমন এক ফেতনা, যেখানে গাইরুল্লাহর ইবাদত করা হয়। আল্লাহর বিধান ছেড়ে মানব রচিত বিধান দিয়ে বিচার-আচার করা হয়। যেখানে মানুষেরা জনপ্রতিনিধি ও নিজেদের প্রবৃত্তির সামনে মাথা নত করে। এ এমন এক জঘন্য শিরক, এ ভ্রান্তি এতোটাই সুস্পষ্ট, যার কাছে দ্বিপ্রহরের সূর্যও হার মানে। এই ফেতনার জঘন্যতা, এই আপদের ভয়াবহতার মাত্রা আরও বহুগুণ বৃদ্ধি পেয়েছে, যখন একদল 'দ্বীনের দায়ী' এই ফেতনার গুহামুখে প্রবেশ করা ছাড়া দাওয়াতের কথা চিন্তাই করতে পারছে না।

দ্বীন ইসলামের মাঝে এক অতি মহৎ ইবাদত হল এ সমস্ত ফেতনাবাজদের চ্যালেঞ্জ গ্রহণ করা এবং আল্লাহর সুস্পষ্ট কিতাবকে আঁকড়ে থাকতে ও নব উদ্ভাবিত যত ফিতনা, মিথ্যাচারীদের যত পথভ্রষ্টতা ছুঁড়ে ফেলতে মানুষকে উৎসাহিত করা। ইবনে তাইমিয়া রহিমাহুল্লাহ 'মাজমুউল ফাতাওয়া' গ্রন্থে বলেন:
"কোরআন-সুন্নাহবিরোধী মতবাদের প্রবক্তা অথবা কোরআন-সুন্নাহবিরোধী ইবাদতে বিশ্বাসী বিদআত-পন্থীদের উচ্চপর্যায়ের লোকদের ব্যাপারে কথা হল, তাদের বিভ্রান্তি ফাঁস করা এবং উম্মতকে তাদের ব্যাপারে সতর্ক করা উম্মাহর সর্বসম্মতিক্রমে ওয়াজিব। ব্যাপারটা এতটাই গুরুতর যে, আহমদ বিন হাম্বল রহিমাহুল্লাহ-কে জিজ্ঞেস করা হলো, "এক ব্যক্তি রোজা রাখে, নামাজ পড়ে, এতেকাফ করে, অপর এক ব্যক্তি বিদআতপন্থীদের ব্যাপারে কথা বলে, আপনার কাছে কে বেশি প্রিয়"? তখন তিনি বলেন: "ব্যক্তির নামাজ, রোজা, এতেকাফ ইত্যাদি নফল আমল তার নিজের জন্য। আর বিদআতপন্থীদের ব্যাপারে কথা বলাটা হলো মুসলমানদের স্বার্থে। অতএব এই দ্বিতীয়টিই অধিক উত্তম"।

আমরা দেখতে পেলাম, এই দ্বিতীয় আমলটি মুসলমানদের দ্বীন-ইসলামের কল্যাণে অবদান রাখে, কাজেই তা একভাবে জিহাদ ফি সাবিলিল্লাহ'র অন্তর্ভুক্ত। কারণ আল্লাহ কর্তৃক নির্দেশিত পথ, তাঁর দ্বীন, সে দ্বীনের রূপরেখা, তার চৌহদ্দি ও সীমারেখা এবং ধর্মীয় বিষয়ে এ সকল ভ্রান্ত লোকদের সীমালংঘন ও দুরাচার রোধ করা মুসলমানদের সর্বসম্মতিক্রমে ফরজে কেফায়া। (যা পালন করা যথেষ্ট সংখ্যক লোকদের উপর আবশ্যক)। এ সকল লোকদের অনিষ্ট প্রতিহত করার জন্য আল্লাহ তাআলা যদি লোক তৈরি না করেন, তবে যে এই দ্বীন-ইসলাম বিকৃত হয়ে যাবে! আর এই অরাজকতা নিঃসন্দেহে আহলে হরবের শত্রু কর্তৃক মুসলিম ভূখণ্ড দখলের অরাজকতা অপেক্ষা অধিক ভয়াবহ। আর ধর্মের জন্য হুমকি, এমন প্রতিটি লোকের চ্যালেঞ্জ গ্রহণ করা ও তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়াকে আল্লাহ তাআলা কেবল অনুমোদনই দেননি, বরং তা আবশ্যক করেছেন।

অতএব আমরা জানতে পারলাম, এমন ব্যক্তির পরিচয় মানুষের সামনে তুলে ধরা এবং তার রহস্য ফাঁস করা আমাদের জন্য কর্তব্য, যাতে মূর্খেরা তার দ্বারা বিভ্রান্ত না হয়। কাজী ইয়াজ "আশশিফা" গ্রন্থে সে সকল অবস্থার কথা উল্লেখ করেছেন, যে সকল অবস্থায় কুফরি বাক্য বর্ণনা করা জায়েজ হয়ে যায়। তেমনি একটি অবস্থা হল, কেউ যদি নবীজি ﷺ কে গালি দেয়। তিনি লিখেন
"অতএব যদি [আল্লাহ ও তাঁর রাসূলকে] গালিদাতা ব্যক্তি এমন হয়, যার থেকে ইলম শিক্ষা করা হয়, অথবা হাদিস বর্ণনা করা হয়, কিংবা প্রাপ্য অধিকারের ক্ষেত্রে তার সিদ্ধান্ত, সাক্ষ্য বা ফতোয়াকে অকাট্য মনে করা হয়, তবে তার [গালাগাল] শ্রবণকারী ব্যক্তির উপর ওয়াজিব হল, সে তার কাছ থেকে যা শুনেছে, তা প্রকাশ করে দেয়া, মানুষকে তার ব্যাপারে সতর্ক করা এবং তার বিপক্ষে তার বক্তব্যের ব্যাপারে সাক্ষ্য দেয়া। আলেমদের ভেতর যার কাছে এ সংবাদ পৌঁছবে, তার উপর আবশ্যক ও ওয়াজিব হলো, এমন ব্যক্তিকে প্রত্যাখ্যান করা, তার কুফরি সুস্পষ্টরূপে তুলে ধরা, তার বক্তব্য বাতিল হওয়ার বিষয়টা মানুষকে খুলে বলা। একাজ করতে হবে মুসলমানদের থেকে তার অনিষ্ট দূরীকরণের জন্য এবং সাইয়েদুল মুরসালিন ﷺ-এর সম্মান রক্ষার্থে।

একইভাবে সে যদি এমন কেউ হয়, যে জনসাধারণকে ওয়াজ নসিহত করে, অথবা বাচ্চাদেরকে তরবিয়ত এবং আদব-কায়দা শিক্ষাদানের কাজ করে, তবে এ জাতীয় ব্যক্তির বেলায় উপরিউক্ত নির্দেশনা মেনে চলা আরো বেশি অপরিহার্য হয়ে পড়ে। কারণ, আভ্যন্তরীণ অবস্থা যার এমন হবে, জনসাধারণ এবং শিশুরা নিজেদের ঈমান-আক্বীদার ক্ষেত্রে তার থেকে নিরাপদ নয়। অতএব, নবীজি ﷺ -এর সম্মান রক্ষা ও শরীয়তের ভাবমূর্তি রক্ষার্থে এ কাজ করতেই হবে।"

আমি যখন গণতন্ত্রের তল্পিবাহকদেরকে দেখলাম, তারা প্রকাশ্যে গণতন্ত্রের পক্ষে গলাবাজি করছে, আমি তখন নিশ্চিত হয়ে গেলাম যে, এদের ভ্রান্তি নিরসন করা ও সংশয় অপনোদন করা একটি অপরিহার্য দায়িত্ব, যাতে সত্য মিথ্যার মাঝে পার্থক্য সূচিত হয়ে যায়। তাই আমি তাদের কতিপয় সংশয় নিরসনকল্পে আল্লাহর কাছে সাহায্য ও সঠিক পথের দিশা কামনা পূর্বক বক্ষ্যমাণ গ্রন্থখানা প্রণয়ন করতে মনস্থ করলাম। আর আমি এর নাম রেখেছি -تهافت الديمقراطيين (তাহাফুতুদ দিমুক্বরাত্বিয়্যীন - গণতন্ত্রপন্থীদের ক্রমশ অধঃপতন); এই আশায় যে, আল্লাহ তাআলা এই গ্রন্থের দ্বারা সেইসব লোকদের কর্মপন্থাকে বাতিল ও অধোমুখী প্রমাণিত করবেন!

ভাষাবিদ ইবনে ফারেস বলেন تهافت শব্দের আভিধানিক অর্থ হল: কোন কিছু ক্রমে ক্রমে পতিত হওয়া। ভাষাবিদ জাওহারী বলেন تهافت শব্দের আভিধানিক অর্থ হল: কোনকিছু খণ্ডে খণ্ডে পতিত হওয়া।
লিসানুল আরব গ্রন্থে বলা হয়েছে تهافت অর্থ হলো: প্রজাপতি যেভাবে আগুনে ঝাঁপিয়ে পড়ে, কোন কিছু সেই কায়দায় নিম্নদেশে পতিত হওয়া। শব্দটি অধিকাংশ ক্ষেত্রে মন্দ অর্থে ব্যবহৃত হয়।
সর্বোপরি আল্লাহ তাআলার কাছে সাহায্য ও সঠিক পথ কামনা করছি।

আবু আব্দুর রহমান শানকিতি

১ নং সংশয় : কল্যাণ ও উপকারিতা

যারা দাবী করে, গণতন্ত্রের এই সিস্টেমে অংশগ্রহণের ভেতর ধর্মীয় স্বার্থ রয়েছে, কারণ এতে করে যথাসাধ্য কল্যাণ সাধন ও অনিষ্ট দমনের সুযোগ তৈরি হয়, তাদের উদ্দেশ্যে আমরা বলতে চাই আলোচ্য বিষয়টি কল্যাণ-অকল্যাণ আর লাভ-লোকসানের বিষয় নয়। বরং এখানে ইসলাম ও কুফর এবং তাওহীদ ও শিরকের প্রশ্ন। অতএব যে ব্যক্তি অপরিহার্যভাবে আল্লাহ তা'আলা বিধানদাতা হওয়ার উপর ঈমান আনে, তার জন্য অন্য কোন জাগতিক ও বৈষয়িক স্বার্থ রক্ষার অজুহাতে তাওহীদের স্তম্ভ এই মৌলিক নীতি থেকে একচুল সরে আসার কোন সুযোগ নেই। উপরন্তু যখন কিনা সে স্বার্থ প্রকৃতপক্ষে অলীক কল্পনা বৈ আর কিছুই নয়।

এই তাওহীদ বা একত্ববাদ রক্ষা, মানুষকে তা শিক্ষাদান এবং দৃঢ়ভাবে তা আঁকড়ে ধরার অনুশীলনের চাইতে বড় কোনো কল্যাণ নেই। আর সবচেয়ে জঘন্য ও নিকৃষ্ট অকল্যাণ হলো, কল্পনাপ্রসূত জাগতিক কিছু ফায়দা লাভের জন্য এই তাওহীদের গায়ে আঁচড় ফেলা। আমাদের তাওহীদ-ই যদি হয় ত্রুটিপূর্ণ তবে অন্য সব অর্জন আর প্রাপ্তির কি মূল্য থাকতে পারে?!
যেমনিভাবে অন্যায় কোন কিছুকে পরিবর্তন করার ক্ষেত্রে একটি শর্ত হলো, তা তদাপেক্ষা বড় কোন অন্যায় জন্ম দিতে পারবে না, একইভাবে কল্যাণ অর্জনেরও একটি শর্ত হলো, সে কল্যাণ তদাপেক্ষা বড় কোনো অকল্যাণের পথ উন্মুক্ত করবে না।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহ:) মাজমুউল ফাতাওয়া গ্রন্থে বলেন

"ভালো কাজ/বিষয় ছেড়ে দিতে হয় দুই স্থানে:

১. যখন তা করতে গেলে তার চাইতে বড় কোন কল্যাণের দিক হাতছাড়া হয়ে যায়।
২. যখন সে ভালো কাজটি করার দ্বারা এমন কোন খারাপ কাজ/বিষয়ের সৃষ্টি হয়, যার অকল্যাণ উক্ত ভালো কাজের কল্যাণ অপেক্ষা অধিক।" (খ:২০,পৃ:৫৩)

শায়খ মুহাম্মদ কুতুব গণতন্ত্রহেতু সৃষ্ট কিছু অকল্যাণের দিকে ইঙ্গিত করে লিখেন
"আমরা যখন গণতন্ত্রের চোরাবালিতে পা দেব, তখন লা-ইলাহা-ইল্লাল্লাহ-তত্ত্বে আমরা অনেক বেশি ক্ষতিগ্রস্ত হয়ে পড়বো। সর্বপ্রথম আমরা এভাবে ক্ষতিগ্রস্ত হব যে, কোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তদানের অধিকারকে আমরা সংখ্যাগরিষ্ঠের এখতিয়ারভুক্ত বিষয়ে পরিণত করবো। অথচ আল্লাহ্ তা'আলা বলেন

وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ

যখন আল্লাহ এবং তার রাসুল কোন বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেন, তখন কোনো মুমিন নারী পুরুষের জন্য সে বিষয়ে এখতিয়ারের কোনো সুযোগ নেই। (সূরা আহযাব: ৩৬)

নিশ্চয়ই শরিক বিহীন এক আল্লাহর ইবাদত; যা মূলত লা ইলাহা ইল্লাল্লাহ'র মর্মকথা, তার দাবি হলো, যেমনিভাবে বিশ্বাসের ক্ষেত্রে তিনি একক উপাস্য হবেন, একইভাবে ইবাদত বা উপাসনার সকল নিদর্শনাবলী নিবেদন করার ক্ষেত্রে তিনি একক ইলাহ বা উপাস্য হবেন। তিনি একমাত্র বিধানদাতা হবেন। তিনি একমাত্র সঠিক পথের সীমানা-রূপরেখা তৈরি করবেন এবং এর মানদণ্ড নির্ধারণ করবেন। মানুষের জন্য তিনি একমাত্র জীবনবিধান প্রণয়নকারী হবেন। উপরিউক্ত বিষয়গুলো বাধ্যতামূলক। ইসলামের স্বীকারোক্তির পাশাপাশি একজন মুসলমানের পক্ষে এ বিষয়ে কোন এখতিয়ারের কথা কল্পনাও করা যায় না। আল্লাহ তা'আলা বলেন

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

অতএব, তোমার পালনকর্তার কসম, সে লোক ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক বলে মনে না করে। অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে নিজের মনে কোন রকম সংকীর্ণতা পাবে না এবং তা হৃষ্টচিত্তে কবুল করে নেবে। (সূরা নিসা ৪:৬৫)

আমরা যখন গণতন্ত্রের চোরাবালিতে পা দেবো, তখন আমরা সর্বপ্রথম আল্লাহর একক অধিকারকে এমন বিষয়ে রূপান্তরিত করে ফেলতে বাধ্য হবো, যেখানে সমস্যার সমাধান চাওয়া হয় মানুষের কাছে। সেখানে কোন বিষয় সিদ্ধান্ত হিসেবে গৃহীত হওয়া বা না হওয়ার জন্য ভোটাভুটির আশ্রয় নেয়া হয়। আর তাতে যে কারো এ কথা বলার সুযোগ তৈরি হয়ে যায় যে, "তোমরা সংখ্যালঘিষ্ঠ। সংখ্যালঘিষ্ঠের জন্য সংখ্যাগরিষ্ঠের ওপর নিজস্ব মতামতকে চাপিয়ে দেয়া জায়েজ (নীতিসঙ্গত) নয়।"(!)

অতএব দাঁড়ালো, গণতান্ত্রিক এই সিস্টেম যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে একটা ইচ্ছাস্বাধীনতার বিষয়, বাধ্যতামূলক বিষয় নয়। [আল্লাহর পক্ষ থেকে বাধ্যবাধকতার যেখানে কোন মূল্য নেই।] কোন একটি বিল পাসের জন্য যেখানে পক্ষের লোকদের ভোট গণনার অপেক্ষায় থাকতে হয়। কিন্তু প্রকৃত কথা হল, শরীয়তকে সিদ্ধান্তদাতা বানানো আল্লাহর পক্ষ থেকে বাধ্যতামূলক ও অবশ্য কর্তব্য, ভোট গণনার সঙ্গে যার কোন সম্পর্ক নেই। মানুষের এক্ষেত্রে এই অধিকার, ক্ষমতা ও এখতিয়ার নেই যে, তারা কোন বিধান চাইলে গ্রহণ করতেও পারে, আবার চাইলে প্রত্যাখ্যানও করতে পারে। কারণ একই সঙ্গে তারা এমন অন্যায় অধিকার চর্চা করবে আবার মুসলমান থাকবে, সেটা কখনো সম্ভব নয়।

সঠিক পন্থা হল, প্রথমে মানুষকে 'তাওহীদের ভিত্তি তাৎপর্যপূর্ণ' এ বিষয়টির প্রতি আহবান করে বোঝাতে হবে যে, এটি আল্লাহর পক্ষ থেকে অবশ্য পালনীয় একটি নির্দেশ। এতে বিমুখ ব্যক্তি আল্লাহর বিধান প্রত্যাখ্যানকারী মুরতাদ। সকল মানুষ তাওহীদের এই ভিত্তি প্রতিষ্ঠা করার জন্য আদিষ্ট। চাই তারা শাসক হন কিংবা শাসিত। চাই এমন কোন সংগঠন বা দল থাকুক যারা এই ঐশী নির্দেশের ব্যাপারে সোচ্চার, কিংবা না থাকুক। [সর্বাবস্থায় আল্লাহর এই আদেশ পালনের অপরিহার্যতা সমান বর্তমান]। কারণ রাব্বুল আলামিন আল্লাহ তাআলা তাঁর বান্দাদের কাছে আদেশসূচক বাক্য ব্যবহার করে কোন কিছু দাবি করার পর তাঁর সেই আদেশ পালনের অপরিহার্যতা কোন মানুষের দাওয়াতের উপর নির্ভরশীল নয়। আমরা যখন গণতন্ত্রের খেলায় অংশগ্রহণ করি, তখন মানুষের অনুভূতিতে ধর্মের মৌলিক এই বিষয়গুলো পুরোপুরিভাবে অনুপস্থিত থাকে। পুরোপুরিভাবে না হলেও অন্ততপক্ষে বিষয়গুলো তার মূলভাব হারিয়ে ফেলে। কারণ একটা মতাদর্শ হিসাবে এই গণতন্ত্রের মূল কথা হলো, কোন কিছু বাধ্যতামূলকভাবে কারো উপর চাপিয়ে দেয়ার কোন অধিকার বা ক্ষমতা কারো নেই, একমাত্র সংখ্যাগরিষ্ঠতা ছাড়া।

গণতন্ত্রের ফাঁদে পা দিলে দ্বিতীয় যে বড় ক্ষতিটা আমাদের হয় সেটা হল, আইন প্রণয়নের অধিকারে অন্যায় হস্তক্ষেপ। গণতন্ত্রে আইন প্রণয়ন হবে সংখ্যাগরিষ্ঠের ইচ্ছানুসারে। অথচ এটা আল্লাহর দেয়া মাপকাঠি নয়। আল্লাহর দেয়া মানদণ্ড ও মাপকাঠি হলো, আইন ও বিধানের একমাত্র উৎস হবে কেবলই আল্লাহর শরীয়ত। আল্লাহর শরীয়তকে একমাত্র আইনের উৎস যে ব্যক্তি না মানবে, আল্লাহর দ্বীনে তার ইসলামের কোন বৈধতা নেই। (আল্লাহর শরিয়তে তার ইসলাম গ্রহণযোগ্য নয়।) যদিও সে কেবল অধিকাংশ ভোটই নয়, বরং সব ক'টা ভোট বাগিয়ে নেয় তবুও তার ইসলাম গ্রহণযোগ্য নয়। এটি ইসলাম ও গণতন্ত্রের মাঝে এক চিরাচরিত ব্যবধান ও চিরন্তন পার্থক্য।

আমরা যখন গণতন্ত্রের জুয়াতে অংশগ্রহণ করব, তখন সংখ্যাগরিষ্ঠ জনগণকে আইনের উৎস হিসাবে মেনে নেয়া ছাড়া আমাদের উপায় নেই, যদিও সে সংখ্যাগরিষ্ঠ শক্তি আল্লাহর শরীয়তকে প্রত্যাখ্যান করে। কারণ গণতন্ত্র নামক এই জুয়ার নিয়ম এটাই। অংশগ্রহণের পর এই নিয়মের বিরোধিতা করার অধিকার আমাদের নেই। আর তখনই আমরা আগেরটার পাশাপাশি আরও একটা চেতনাগত বিভ্রান্তি ও অপরাধকর্মে লিপ্ত হই। আর তা হল, এমন বিষয়কে আইনের উৎস মনে করা, যা আল্লাহ তাআলা কুফর বলে আখ্যায়িত করেছেন; অর্থাৎ আল্লাহর সংবিধানবিরোধী মানব রচিত সংবিধান।
আমরা গোপনে প্রকাশ্যে একথা যতই বলি না কেন যে, আমরা মানব রচিত সংবিধানের সঙ্গে একমত নয়, কিন্তু আখের আমাদেরকে তার সামনেই মাথানত করতে হচ্ছে এবং তা অনিবার্যভাবেই। কারণ যতক্ষণ আমরা খেলায় থাকবো, ততক্ষণ খেলার নিয়ম নীতি আমাদেরকে অনুসরণ করতেই হবে। আর আমরা ইসলাম বিরোধী এই খেলায় অংশগ্রহণ করতে সম্মত হয়েই ক্ষান্ত না, বরং অনেক সময় তো খেলায় অংশগ্রহণের জন্য আমরা রীতিমত আবেদন করেছি। আমাদেরকে খেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া না হলে তার বিরুদ্ধে প্রতিবাদ করেছি।" [كيف ندعو الناس -কাইফা নাদ'উনন্নাস গ্রন্থ থেকে সংগৃহীত]

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহিমাহুল্লাহ বিভিন্ন ভাল কাজ ও কল্যাণকর বিষয় এবং তার মাত্রা ও পরিমাণের কথা চিন্তা করা, অথচ তার ক্ষতির দিক বিবেচনায় না নেয়া এমন কাজ করতে বারণ করেছেন। তিনি বলেন
"কিছু কিছু শ্রেণী বিভিন্ন কল্যাণকর কাজের কথা চিন্তা করে সেটা করতে অগ্রসর হয়, যদিও তা তদাপেক্ষা বড় কোনো অকল্যাণের কারণ হয় তবুও।
(মাজমুউল ফাতাওয়া -২০/৫৮)

আহলে ইলমদের মাঝে এ বিষয়ে কোন মতভেদ নেই যে, ক্ষতি রোধ করা অগ্রগণ্য, যদি তা লাভের চেয়ে বড় হয়।

শাইখ ইবনে আব্দুস সালাম রহিমাহুল্লাহ বলেন

"যদি একই সঙ্গে বিভিন্ন কল্যাণকর ও অকল্যাণকর বিষয় সামনে আসে, তখন করণীয় হলো যদি একইসঙ্গে কল্যাণ অর্জন করা এবং অকল্যাণ রোধ করা সম্ভব হয়, তবে উভয়টির ক্ষেত্রে আল্লাহর নির্দেশ পালনার্থে আমরা কল্যাণ অর্জন করব এবং অকল্যাণ রোধ করব। আল্লাহ তা'আলা বলেন

فاتقوا الله ما استطعتم واسمعوا

তোমরা আল্লাহকে যথাসাধ্য ভয় করো, এবং তাঁর কথা শোনো। (সূরা তাগাবুন ৬৪:১৬)

আর যদি পরিস্থিতি এমন হয়, ক্ষতি রোধ করা অসম্ভব এবং কল্যাণ অর্জন করা সম্ভব, এক্ষেত্রে ক্ষতি ও অকল্যাণ যদি কল্যাণ অপেক্ষা বড় হয়, তবে আমরা ক্ষতি রোধ করব এবং কল্যাণ হাত ছাড়া হওয়াতে বিচলিত হবোনা।

আল্লাহ তা'আলা বলেন

يسالونك عن الخمر والميسر قل فيهما اثم كبير ومنافع للناس واثمهما اكبر من نفعهما

তারা আপনাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞেস করে, আপনি বলে দিন, দুটোতেই অনেক বড় গুনাহ্ রয়েছে এবং মানুষের জন্য কিছু উপকার রয়েছে, তবে এগুলোর গুনাহ্ এগুলোর উপকারের চাইতে বড়।

আল্লাহ তাআলা মদ এবং জুয়াকে হারাম করেছেন, কারণ এগুলোর ক্ষতি লাভের চাইতে বড়। মদের লাভ হলো 'ব্যবসা'। আর জুয়ার লাভ হল, 'জুয়াড়ি জুয়া জিতে যা লাভ করে' তা"। (قواعد الاحكام في مصالح الانام -ক্বওয়া'য়িদুল আহকাম ফি মাসালিহিল আনাম -১/৮৩)

শরীয়তের প্রমাণিত একটি মূলনীতি হলোড় ক্ষতি রোধ করা লাভের উপর প্রাধান্য পাবে। শাইখ ইবনুন নাজ্জার রহিমাহুল্লাহ বলেন

"অকল্যাণ রোধ ও কল্যাণ অর্জনের মধ্য থেকে যেকোনো একটি গ্রহণের পরিস্থিতি যদি সামনে আসে, তবে অকল্যাণ রোধ করাই কল্যাণ অর্জনের উপর অগ্রাধিকার পাবে"। (শারহুল কাওকাবিল মুনীর:৪/৪৪৭)

ইবনে নুজাইম রহিমাহুল্লাহ বলেন
"ক্ষতি রোধ করা উপকার অর্জন অপেক্ষা অগ্রগণ্য। কখনো যদি উভয়টার সুযোগ একসঙ্গে হাজির হয়, এমন পরিস্থিতিতে অধিকাংশ ক্ষেত্রে ক্ষতি দূর করার দিককেই প্রাধান্য দেয়া হবে। কারণ পালনীয় বিষয়ের তুলনায় বর্জনীয় বিষয়ের ব্যাপারে শরীয়ত অধিক গুরুত্বারোপ করেছে।

একারণেই নবীজি ﷺ বলেন

"যখন আমি তোমাদেরকে কোন বিষয়ের আদেশ করি, তখন সাধ্যানুযায়ী তা পালন করো। আর যখন তোমাদেরকে কোন কিছুতে বারণ করি, তখন তা [পরিপূর্ণরূপে] বর্জন করো।"

কাশফ নামক গ্রন্থে একটি হাদীস বর্ণিত হয়েছে,
"আল্লাহ কর্তৃক নিষিদ্ধ অতি সামান্য কিছু বর্জন করা গোটা জিন ও ইনসানের ইবাদত অপেক্ষা উত্তম।" আর এই কারণেই কষ্ট দূরীকরণার্থে ওয়াজিব ছেড়ে দেয়া জায়েজ আছে। তবুও নিষিদ্ধ বিষয় বিশেষ করে কবিরা গুনাহের ক্ষেত্রে শিথিলতার কোনো সুযোগ রাখা হয়নি।এই বিষয়ে বাযযাযী রহিমাহুল্লাহ নিজ ফাতওয়া সংকলন গ্রন্থে লিখেন

যে ব্যক্তি সতর ঢাকার সুযোগ না পায়, সে এস্তেঞ্জা [পবিত্রতা অর্জন] করা ছেড়ে দেবে, যদিও সে নদীর তীরে থাকুক না কেন। কারণ নিষেধ আদেশের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ, এভাবে যে, কোন কাজের নিষেধ হয়ে থাকে সর্বসময়ের জন্য। [কিন্তু আদেশের ব্যাপারটা তা না]। আদেশ পুনরাবৃত্তি দাবি করে না। [অর্থাৎ কোন এক সময়ে কোনো আদেশ পালন করে ফেললে পরবর্তীতে সে আদেশের কার্যকারিতা থাকে না]
কোন মহিলার ওপর যদি গোসল ফরজ হয়, আর পুরুষদের কাছ থেকে সে সতর হেফাজতের সুযোগ না পায়, তবে সে গোসল বিলম্ব করবে।"
(الأشباه والنظائر لابن نجيم আল আশবাহ ওয়ান নাযায়ের১/৯০)

প্রাধান্যদানের মূলনীতিতে এটি স্বতঃসিদ্ধ বিষয় এই যে, নিষিদ্ধতা অনুমতি অপেক্ষা অগ্রগণ্য। এই মূলনীতি অন্য একটি মূলনীতিকে নির্দেশ করছে। তা হল ক্ষতি দূর করা উপকার অর্জনের চেয়ে অগ্রগণ্য।আল্লামা জাকারিয়া আনসারী রহমতুল্লাহি আলাইহি বলেন

"কোন বিষয়ে নিষেধাজ্ঞা অন্য কোন বিষয়ে নির্দেশ অপেক্ষা অগ্রগণ্য। কারণ নিষেধাজ্ঞা হয়ে থাকে ক্ষতি দূর করার জন্য। আর নির্দেশ হয়ে থাকে উপকার অর্জনের জন্য। আর ক্ষতি দূর করার আবশ্যিকতা তুলনামূলক বেশি।"
(গাইয়াতুল উসূল ফি শারহি লুব্বিল উসূল -১/১৬১)

উপরিউক্ত উদ্ধৃতিগুলোর দ্বারা প্রতিভাত হয়ে গেল যে, ক্ষতি দূর করার উপর উপকার অর্জনকে প্রাধান্য দেয়ার নিষিদ্ধতা কতটা? অথচ এই নিষিদ্ধ পথেই হাঁটছে যারা অল্প কিছু উপকার ও স্বার্থ আদায়ের বিনিময়ে গণতন্ত্র হেতু সৃষ্ট অসংখ্য ক্ষতিকর দিক মেনে নিতে চাইছে।আমাদের জানা থাকতে হবে যে, ওলামায়ে কেরাম সবচেয়ে জঘন্য ক্ষতি হিসেবে উল্লেখ করেছেন শিরককে। এতে করে তারা বোঝাতে চেয়েছেন, শিরক মিশ্রিত সমস্ত বড় বড় উপকার মূল্যহীন। শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া এ বিষয়ে স্পষ্ট বলেন

"নিশ্চয়ই শিরক, আল্লাহর ব্যাপারে না জেনে কিছু বলা, গোপন প্রকাশ্যের সকল অশ্লীলতা এবং জুলুমর্ডনিষিদ্ধ এই বিষয়গুলোর মাঝে কোন ধরনের কল্যাণ নেই।" (মাজমুউল ফাতাওয়া -১৫/৪৭৬)

তিনি আরো বলেন

"নিষিদ্ধ বিষয়াবলীর মাঝে কিছু এমন রয়েছে, যেগুলো অকাট্যভাবে নিষিদ্ধ। প্রয়োজনে-অপ্রয়োজনে শরীয়ত যেগুলোর কোনটির অনুমতি দেয়নি। নিষিদ্ধ সেসব বিষয়ের মধ্যে রয়েছে ১. শিরক। ২. অশ্লীলতা। ৩. না জেনে আল্লাহর ব্যাপারে কিছু বলা। ৪. জুলুম-অত্যাচার। উপরিউক্ত চারটি অপরাধ আল্লাহ তাআলার নিম্নোক্ত বাণীতে বিধৃত হয়েছে

قُلْ إِنَّمَا حَرَّمَ رَبِّيَ الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْإِثْمَ وَالْبَغْيَ بِغَيْرِ الْحَقِّ وَأَن تُشْرِكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا وَأَن تَقُولُوا عَلَى اللَّهِ مَا لَا تَعْلَمُونَ

আপনি বলে দিনঃ আমার পালনকর্তা কেবলমাত্র অশ্লীল বিষয়সমূহ হারাম করেছেন যা প্রকাশ্য ও অপ্রকাশ্য এবং হারাম করেছেন গোনাহ, অন্যায়-অত্যাচার আল্লাহর সাথে এমন বস্তুকে অংশীদার করা, তিনি যার কোন, সনদ অবতীর্ণ করেননি এবং আল্লাহর প্রতি এমন কথা আরোপ করা, যা তোমরা জান না। (সূরা আরাফ ৭:৩৩)

